আমেরিকায় জোর করে হিজাব খোলায় সাড়ে ১৭ মিলিয়ন ডলার জরিমানা

সারে-জমিন

২০০ স্কুলে বিস্ফোরণ ঘটানোর হুমকি মেল

রূপসী বাংলা

ইরানকে কেন যুদ্ধের প্ররোচনা দিচ্ছে ইসরায়েল?

সম্পাদকীয়

স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের সামনে নার্সিং ছাত্রীদের আন্দোলন

সাধারণ

তিন ম্যাচ হারার পর জয় পেলেন পান্ডিয়া

খেলতে খেলতে

আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

মঙ্গলবার
৯ এপ্রিল, ২০২৪
২৬ চৈত্র ১৪৩০
২৯ রমজান, ১৪৪৫ হিজরি
সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 98 ■ Daily APONZONE ■ 9 April 2024 ■ Tuesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php

প্রথম নজর

দেখা যায়নি চাঁদ, আরব দুনিয়ায় ঈদুল ফিতর বুধবার

আপনজন ডেস্ক: সৌদি আরবের কোথাও শওয়াল মাসের চাঁদ দেখা যায়নি। তাই আরব দেশগুলোতে এখন ঈদুল ফিতর পালিত হবে ১০ এপ্রিল বুধবার। উল্লেখ্য, শাওয়ালের চাঁদ দেখার জন্য সৌদি আরবে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত হয়, বৈঠকের পর হারামিনের সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে একটি বার্তাও প্রকাশ করা হয়। উল্লেখ্য, এই বার্তায় বলা হয়েছে যে সৌদি আরবে শাওয়ালের চাঁদ দেখা যায়নি, তাই সৌদি আরবে ঈদুল ফিতর হবে ১০ এপ্রিল বুধবার। অস্ট্রেলিয়ার ফতোয়া কাউন্সিল বলেছে, সোমবার চাঁদ দেখা যায়নি। তাই আগামী বুধবার দেশটিতে ঈদুল ফিতর উদ্‌যাপন করা হবে। ঈদ উপলক্ষে সংযুক্ত আরব আমিরাতসরকারের ঘোষণা অনুযায়ী, দেশটির সরকারি চাকরিজীবীরা সোমবার থেকে ১৪ এপ্রিল রোববার পর্যন্ত ছুটি পাচ্ছেন। অন্যদিকে, ভারত সহ উপমহাদেশে বৃহস্পতিবার ঈদ হওয়ার সম্ভাবনা। তবে, তা নির্ভর করছে মঙ্গলবার শওয়াল মাসের চাঁদ দেখার উপর। এদিকে কলকাতার মসজিদে নাখোদা মারকাজি রুহিয়াত এ হিলাল কমিটির আহ্বায়ক নাসের ইব্রাহিম অনুরোধ করেছেন, মঙ্গলাবার রাজ্যের কোথায়ও চাঁদ দেখা গেলে ৯৮৩১০৪০৪৯২ নম্বরে জানানোর জন্য।

নির্বাচন কমিশনে তৃণমূলের ধর্নায় দিল্লি পুলিশের হেনস্থা

আপনজন ডেস্ক: সিবিআই, এনআইএ, ইডি এবং আয়কর বিভাগের প্রধানদের পরিবর্তনের দাবিতে সোমবার নির্বাচন কমিশনের কার্যালয়ের বাইরে ধর্না দেওয়ার সময় তৃণমূল কংগ্রেস নেতাদের আটক করে দিল্লি পুলিশ।

তৃণমূল কংগ্রেসের ১০ সদস্যের একটি প্রতিনিধি দল নির্বাচন কমিশনের (ইসি) পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে বৈঠক করে এই ধর্নার ঘোষণা দেয়। আটক করা হয় তৃণমূল সাংসদ ডেরেক ও'ব্রায়েন, মহম্মদ নাদিমুল হক, দোলা সেন, সাকেত গোখলে, সাগরিকা ঘোষ, বিধায়ক বিবেক গুপ্তা, প্রাক্তন সাংসদ অর্পিতা ঘোষ, শান্তনু সেন ও আবির রঞ্জন বিশ্বাস এবং তৃণমূলের ছাত্র সংগঠনের পশ্চিমবঙ্গের সহ-সভাপতি সুদীপ রাহাকে।

ডেরেক ও'ব্রায়েন বলেন, 'আমরা নির্বাচন কমিশনের অফিসের বাইরে শান্তিপূর্ণভাবে বিক্ষোভ দেখাচ্ছিলাম। ৪৫ মিনিট বিক্ষোভের পর পুলিশ আমাদের আটক করে। আরও অভিযোগ, ডেরেক এবং আবির রঞ্জন বিশ্বাসকে দিল্লি পুলিশ অমানবিকভাবে গলা চেপে টেনে হিঁচড়ে পুলিশের ভ্যানে তোলা হয়েছে। এমনকী সম্প্রতি পায়ে অস্ত্রোপচার করা দোলা সেনকেও রেহাই দেওয়া হয়নি। বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রের নির্দেশে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলি বিরোধী দলগুলিকে টার্গেট করছে বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ। ডেরেক বলেন, বিকেল সাড়ে চারটের সময় আমরা দিল্লিতে নির্বাচন কমিশনের অফিসে নির্বাচন কমিশনারের সঙ্গে দেখা করি। আমাদের একমাত্র দাবি ছিল, ইডি-সিবিআই এবং এনআইএ-র অধিকর্তাদের সরিয়ে দিতে হবে। সাক্ষাৎ সেরে কমিশনের বাইরে ধরনায় বসলে দিল্লি পুলিশ আমাদেরকে জোর করে তুলে দেয়। এটা গণতন্ত্রের হত্যা ছাড়া কিছু নয়। ডেরেকের আরও অভিযোগ, পুলিশ গাড়িতে তুলে নিয়ে যাওয়ার পর প্রায় দেড় ঘন্টা আমাদের রাস্তায় ঘোরানো হয়। এরপর নিয়ে আসা হয় মন্দিরমার্গ থানায়। দোলা সেনের পায়ে লাগায় আঘাত বেশ গুরুতর বলে জানান তিনি। সাংবাদিক সম্মেলনে তৃণমূলের তরফে বলা হয়, কমিশনের কাছে তাদের দাবি ছিল ঝড়ে বিধ্বস্ত জলপাইগুড়িতে দুর্গতদের সাহায্য করার জন্য কমিশনের অনুমতি। কিন্তু নির্বাচন কমিশন দুর্গতদের সাহায্যের অনুমতি দিচ্ছে না।

বিরোধীদের ৪ জুনের পর জেল বন্দি করাই 'মোদি গ্যারান্টি': মমতা

সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

আপনজন: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৪ জুনের পরে দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার যে প্রতিশ্রুতি দিয়েছেন তার সমালোচনা করে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তথা তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, বিজেপির "মোদি কি গ্যারান্টি" মানে নির্বাচন পরবর্তীতে বিরোধী নেতাদের কারাবন্দি করা। সোমবার বাঁকুড়ার রাইপুরে তৃণমুল প্রার্থী অরূপ চক্রবর্তীর সমর্থনে জনসভায় বক্তব্য রাখতে গিয়ে তৃণমূল নেত্রী বিজেপির বিরুদ্ধে "গোটা দেশকে কারাগারে পরিণত করার" অভিযোগ করেন। তাই তৃণমূল নেতাদের স্ত্রীদের ভোটের আগে তাদের স্বামীদের গ্রেফতার করা হলে রাস্তায় নামার আহ্বান জানান।

১৯ এপ্রিল থেকে ১ জুন পর্যন্ত সাত দফার লোকসভা নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে ৪ জুন। কেন্দ্রীয় এজেন্সির বিরুদ্ধে আক্রমণ অব্যাহত রেখে মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেছেন যে জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ) স্থানীয় পুলিশকে না জানিয়ে পূর্ব মেদিনীপুর জেলার ভূপতিনগরে গিয়েছিল।

তিনি বলেন, প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গে নির্বাচনী জনসভা করতে আসছেন। এতে আমার কোনো সমস্যা নেই। কিন্তু উনি যেভাবে বলছেন লোকসভা ভোটের ফলের পর দুর্নীতির অভিযোগে বিরোধীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে, তা গ্রহণযোগ্য নয়।

রবিবার জলপাইগুড়িতে এক নির্বাচনী জনসভায় ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী মোদি দাবি করেন, তিনি যখন বলছেন 'দুর্নীতি দূর কর', তখন বিরোধীরা বলছে 'দুর্নীতিগ্রস্তদের বাঁচাও', ৪ জুনের পর দুর্নীতিগ্রস্তদের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দেন মোদি।

মোদির এই বক্তব্যের সমালোচনা করে মমতা বলেন, একজন প্রধানমন্ত্রীর কি এভাবে কথা বলা উচিত? আমি যদি বলি ভোটের পর বিজেপি নেতাদের জেলে ঢোকাব? কিন্তু গণতন্ত্রে এটা গ্রহণযোগ্য নয়, তাই এটা বলব না। এটা আসলে 'মোদী কি গ্যারান্টি' ৪ জুনের পর সব বিরোধী নেতাদের জেলে ঢোকানো।

বিজেপি আসলে দেশ ও গণতন্ত্রকে জেলে পরিণত করেছে বলেও কটাক্ষ করে তৃণমূল নেত্রী বলেন, এক পকেটে ইডি, সিবিআই, অন্য পকেটে এনআইএ এবং আয়কর রয়েছে। তারা আপনাদের মিত্র, যারা আমাদের হুমকি দিতে অভ্যস্ত। কিন্তু বিজেপি আমাদের ভয় দেখাতে পারবে না।

রাতে তৃণমূল নেতাদের বাড়িতে তল্লাশি চালানোর জন্য বিজেপিকে আক্রমণ করে মুখ্যমন্ত্রী বলেন, এখন থেকে যদি তৃণমূল নেতাদের এজেন্সিগুলি গ্রেফতার করে, তাহলে তাদের স্ত্রীরা রাস্তায় নামবেন। আমরা এসব এজেন্সিকে ভয় পাই না।

পূর্ব মেদিনীপুর জেলার ভূপতিনগরে ২০২২ সালের একটি বিস্ফোরণ মামলায় দুই মূল সন্দেহভাজনকে গ্রেফতার করতে গেলে শনিবার এনআইএ-র একটি দল জনতার দ্বারা আক্রান্ত হয় বলে অভিযোগ করা হয়, যা রাজনৈতিক দ্বন্দ্বের সূত্রপাত করে। মমতা বন্দ্যোপাধ্যায় তদন্তকারীদের বিরুদ্ধে গ্রামবাসীদের উপর হামলার অভিযোগ করেছেন।

তিনি বলেন, মধ্যরাতে ওই এলাকায় মহিলাদের হেনস্থা করার জন্য এজেন্সি পাঠানো এবং পরে দাবি করা যে এই মহিলারা এনআইএ কর্মীদের উপর হামলা চালিয়েছে, তা গ্রহণযোগ্য নয়। আইনশৃঙ্খলা রাজ্যের এখতিয়ারে। স্থানীয় পুলিশকে এড়িয়ে যাওয়া উচিত নয়। ভোর তিন টায় মহিলারা আক্রান্ত হলেন। আর ভোর পাঁচটায় স্থানীয় পুলিশকে অবহিত করা হল, এটা ঠিক নয়।

ভোটের সময় দারুল উলুমে নেতাদের প্রবেশে নিষেধাজ্ঞা

আপনজন ডেস্ক: বিশ্ব বিখ্যাত ইসলামি শিক্ষা প্রতিষ্ঠান দারুল উলূম দেওবন্দ বিশ্বে ধর্মীয় শিক্ষার জন্য পরিচিত। তবে রাজনীতি ও রাজনৈতিক ব্যক্তিদেরও দারুল উলূমের প্রতি অনেক দায়বদ্ধতা রয়েছে। রাজনৈতিক দলের সিনিয়র নেতারা দারুল উলূম দেওবন্দে আসছেন এবং সংখ্যালঘুদের সমর্থন আদায়ের চেষ্টা করছেন। নির্বাচনের আগে অনেকবার বড় বড় নেতারা ওলামাদের সহায়তা নিয়েছেন। এখন দারুল উলূমে নেতাদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। দারুল উলূমের উন্নয়ন বিভাগের ডেপুটি ইনচার্জ আশরাফ ওসমানী বলেন, এটি একটি ধর্মীয় প্রতিষ্ঠান। এর সঙ্গে রাজনীতির কোনো সম্পর্ক নেই। তাই নির্বাচনের সময় দারুল উলূমে নেতাদের প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছেন সংগঠনের দায়িত্বশীল ব্যক্তিরা। নেতারা এখানে এলেও সংগঠনের দায়িত্বে থাকা কেউ তাদের সঙ্গে দেখা করবেন না। দারুল উলূম দেওবন্দ প্রতিষ্ঠিত হয় ১৮৬৬ সালের ৩০ মে । এটি প্রতিষ্ঠা করেন হাজী সৈয়দ মুহাম্মদ আবিদ হুসাইন, ফজলুর রহমান ওসমানী এবং মাওলানা কাসিম নানতুবি। দারুল উলূমের প্রথম শিক্ষক ছিলেন মাহমুদ দেওবন্দী এবং প্রথম ছাত্র ছিলেন মাহমুদ হাসান দেওবন্দী। বর্তমানে দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রায় সাড়ে চার হাজার শিক্ষার্থী এখানে ইসলামী শিক্ষা গ্রহণ করে। প্রত্যেক মুসলমান দারুল উলূমের সাথে আবেগগতভাবে সংযুক্ত। দারুল উলূম প্রদত্ত ফতোয়া প্রত্যেক মুসলমান গ্রহণ করে। নেতারাও দারুল উলূমের দ্বারপ্রান্তে একই চিন্তাভাবনা করে যে তারা একটি সম্প্রদায়ের সমর্থন পাবে। ২০০৬ সালে রাহুল গান্ধি, ২০০৯ সালে মুলায়ম সিং যাদব এবং ২০১১ সালে অখিলেশ যাদব দারুল উলূম পরিদর্শন করেন। তারা ছাড়াও মৌলানা আবুল কালাম আজাদ, ফারুক আবদুল্লাহর বাবা শেখ আবদুল্লাহ এবং উত্তরাখণ্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী হরিশ রাওয়াতও এখানে গিয়েছেন। দারুল উলূম ২০১১ সালের পর রাজনৈতিক কর্মকাণ্ডের অনুমতি নাও দিতে পারে। যদিও জমিয়তে উলেমায়ে হিন্দের সাধারণ সম্পাদক মাওলানা মাহমুদ মাদানির বাবা মাওলানা আসাদ মাদানিও কংগ্রেস দল থেকে তিনবার রাজ্যসভার সদস্য হয়েছেন। মাওলানা মাহমুদ মাদানি ২০০৬ থেকে ২০১২ রাষ্ট্রীয় লোকদলের রাজ্যসভার সদস্য ছিলেন।

রাজ্যপালের কাছে দরবার করে এনআইএ ডিরেক্টরের অপসারণের দাবি অভিষেকের

সুব্রত রায় ● কলকাতা

আপনজন: তৃণমূল প্রতিনিধিদের দিল্লি পুলিশের হেনস্থা নিয়ে নালিশ জানাতে সোমবার রাতে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে দেখার করার জন্য রাজভবনে যান অভিষেক বন্দ্যোপাধ্যায়।

রাজভবনে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করে বেরিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, দিল্লিতে তৃণমূলের সাংসদরা কিছু দাবি নিয়ে কমিশনে দরবার করতে গিয়েছিলেন। কিন্তু সেখানে কমিশনে প্রবেশ করতে না দিয়ে অসুস্থ দোলা সেনকে টানা হেঁচড়া করে পুলিশ নিয়ে গিয়েছে। রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়ানকে চ্যাংদোলা করে তুলে নিয়ে গিয়েছে দিল্লি পুলিশ। দিনের আলোয় গণতন্ত্রের হত্যা হয়েছে বলে অভিযোগ করেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। অভিষেকের দাবি বিজেপি অভিযোগে যদি রাজ্যে দুবার এসপি পরিবর্তন হতে পারে তাহলে তৃণমূলের হাতে প্রমাণ থাকা সত্ত্বেও কেন এনআইএর ডিরেক্টর পরিবর্তন হবে না সে বিষয়ে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করা হয়েছে বলে অভিষেক বন্দ্যোপাধ্যায় সাংবাদিকদের জানান। অভিষেকের অভিযোগ কোন বিজেপির দপ্তরের সামনে বা কৃষি ভবনের সামনের কথা নয়, দিল্লিতে জাতীয় নির্বাচন কমিশনের সামনে যেভাবে কেন্দ্রীয় বাহিনী ও সিআইএসএফকে ব্যবহার করে তৃণমূলের প্রতিনিধি দলকে শারীরিকভাবে নিগৃহীত করা হয়েছে তা দিনের আলোয় গণতন্ত্রকে হত্যা করা হয়েছে বলে অভিষেক দাবি করেন। এ বিষয়ে তিনি পুরোপুরি

জাতীয় নির্বাচন কমিশনের নিরপেক্ষ ভাবমূর্তি নিয়ে প্রশ্ন তোলেন। অভিষেক জানান, তাদের যাবতীয় অভিযোগ বিজেপির বিরুদ্ধে নয়, নির্বাচন কমিশনের বিরুদ্ধে। নির্বাচন কমিশন উত্তরবঙ্গের ঝড়-ঝঞ্ঝায় বিধ্বস্ত ভেঙে যাওয়া বাড়িগুলি সারানোর জন্য মমতা বন্দ্যোপাধ্যায় কে টাকা অনুমোদন করতে দিচ্ছে না। বাংলার মানুষের ভেঙে যাওয়া ঘর নতুন করে তৈরি হোক নির্বাচন কমিশন চাইছে না বলে অভিযোগ করেন অভিষেক। অভিষেক জানান, বেশ কিছু দাবি নিয়ে জাতীয় নির্বাচন কমিশনের দপ্তরে যেতে না দিলে তৃণমূলের প্রতিনিধি দল দিল্লিতে ধর্নায় বসে। তাদের হাতে তো অস্ত্র ছিল না। কিন্তু তাদেরকে কেন্দ্রীয় বাহিনী দিয়ে যেভাবে শারীরিক নিগৃহীত করা হলো তাতে নির্বাচন কমিশনের নিরপেক্ষ ভাবমূর্তি নিয়ে প্রশ্ন দেখা দিয়েছে। জিতেন্দ্র তিওয়ারি প্রসঙ্গ টেনে অভিষেক বন্দ্যোপাধ্যায় এর দাবি করেন কেন এন আই এ ডিরেক্টর পরিবর্তন হবে না? যারা বিজেপির তল্পিবাহক তাদের বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না প্রশ্ন অভিষেকের। এসপি ধন রাম সিং এর বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ ও প্রমাণ আছে বলে রাজভবনের গেটে সাংবাদিক সম্মেলনে দাবি করেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। অভিষেক দাবি করেন জিতেন্দ্র তেহারি নিয়ে যে সিসিটিভি ফুটেজ তার কাছে আছে তার বিরুদ্ধে যদি মান হানির মামলা হয় তাহলে তিনি সেই সিসিটিভি ফুটেজ প্রমাণ সহ হাইকোর্ট ও সুপ্রিম কোর্টে জমা দেবেন। যে জায়গায় অর্থাৎ গেস্ট হাউসে জিতেন্দ্র তেওয়ারির সঙ্গে বৈঠক হয়েছে সেখানকার ভিজিটার বুকের যাবতীয় তথ্য কমিশনকে জমা দেওয়া হয়েছে বলে অভিষেক দাবি করেন।উল্লেখ্য, সোমবার বিকেলে চার সংস্থার অতি সক্রিয়তার বিরুদ্ধে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের কাছে নালিশ জানায় তৃণমূলের এক প্রতিনিধি দল। অবাধ ও নিরপেক্ষ নির্বাচনের স্বার্থে চার সংস্থার 'বিজেপি ঘনিষ্ঠ' প্রধানকে অবিলম্বে সরিয়ে দেওয়ারও নির্দেশ দেওয়ারও অনুরোধ জানান তৃণমূলের প্রতিনিধিরা। কমিশনের ফুল বেঞ্চের সঙ্গে দেখা করার পরেই দফতরের বাইরে আচমকাই ধর্নায় বসেন তৃণমূল সাংসদরা। ২৪ ঘন্টা ধর্না দেওয়ার কথা ঘোষণাও করেন। আর ওই ধর্না শুরুর কয়েক মিনিটের মধ্যেই তৃণমূলের প্রতিনিধিদের উপরে 'গুন্ডার' মতো ঝাঁপিয়ে পড়ে অমিত শাহের 'পোষ্য' দিল্লি পুলিশের জওয়ান ও আধিকারিকরা। ডেরেক ও'ব্রায়েন, সাগরিকা ঘোষদের টেনে হিঁচড়ে ও ধাক্কা মেরে তুলে দেওয়া হয় বাসে। পরে নিয়ে যাওয়া হয় মন্দির মার্গ থানায়। দলের প্রতিনিধিদেরন হেনস্থার খবরেই ক্ষুব্ধ হন তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। ওই হেনস্থার প্রতিবাদ জানাতে এদিন সন্ধেতেই রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে দেখা করার জন্য সময় চেয়েছেন। রাজ্যের সাংবিধানিক প্রধান শহরের বাইরে থাকায় তৃণমূলের সাধারণ সম্পাদককে দেখা করার জন্য সময় বরাদ্দ করেনি রাজ্যপালের দফতর। রাজভবনের তরফে জানানো হয়েছে, রাজ্যপাল পিংলা থেকে শহরে ফিরলেই এ বিষয়ে সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে। রাতেই রাজভবনের তরফে জানানো হয়, রাত নয়টা নাগাদ রাজ্যপাল তৃণমূলের প্রতিনিধি দলকে সাক্ষাৎ করার সময় দিয়েছেন। ওই বার্তা পাওয়ার পরেই রাজভবনে ছুটে যান অভিষেক-সহ তৃণমূল প্রতিনিধিরা। প্রতিনিধিদলে ছিলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, মন্ত্রী শশী পাঁজা, ব্রাত্য বসু, শোভনদেব চট্টোপাধ্যায়, সৌগত রায়, মালা রায়, অরূপ বিশ্বাস, কুণাল ঘোষ, অসীমা পাত্র।

ঘাটালে কংগ্রেস প্রার্থী পাপিয়ার নাম প্রত্যাহার

আপনজন ডেস্ক: গত কয়েকদিন ধরে বিক্ষোভ চলছিল। অবশেষে পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটালে আসন্ন লোকসভা ভোটে প্রার্থী প্রত্যাহার করে নিল কংগ্রেস। সোমবার বিধান ভবনে বিভিন্ন জেলা কমিটির নেতাদের সঙ্গে দীর্ঘ বৈঠক করেন পর্যবেক্ষক গোলাম আহমেদ মির। সোমবার প্রদেশ দপ্তরে জোটের ফলে বেশ কিছু আসন সিপিএমকে ছেড়ে দেওয়ার কারণে ক্ষোভের মুখে পড়তে হয় পর্যবেক্ষক গোলাম আহমেদ মিরকে। রবিবার সন্ধ্যায় এআইসিসির পক্ষ থেকে পশ্চিমবঙ্গের তিনটি লোকসভা কেন্দ্রের প্রার্থীর নাম ঘোষণা করা হয়। সেই ঘোষণাতে দেখা যায় ঘাটালের কংগ্রেস প্রার্থী করা হয় পাপিয়া চক্রবর্তীকে। এর পর সোমবার বিধান ভবনে কর্মীদের বিক্ষোভের মুখে পড়েন কংগ্রেস নেতারা। জেলা কংগ্রেসের সাধারণ সম্পাদক শ্যামল ঘোষ অভিযোগ করেন এআইসিসি বিজেপি নেত্রী পাপিয়া চক্রবর্তীকে প্রার্থী হিসেবে চাপিয়ে দিয়েছে। এই প্রার্থীকে সরানো না হলে তুমুল বিক্ষোভ শুরু হবে। সেই অভিযোগ খতিয়ে দেখে পর্যবেক্ষক দিল্লি নেতৃত্বের সাথে কথা বলে সোমবার সন্ধ্যার পর ঘাটাল কেন্দ্র থেকে প্রার্থী প্রত্যাহার করে নেওয়ার কথা ঘোষণা করেন।

ইসলামিক ভাবাদর্শের মধ্যে আপনার সন্তানকে আধুনিক শিক্ষায় সমাজের যোগ্য ও আদর্শ মানুষ রূপে গড়ে তোলার একমাত্র বিশ্বস্ত প্রতিষ্ঠান

ILMA ENGLISH MEDIUM SCHOOL
Uttar Khodar Bazar, Baruipur, Kol- 144

আমাদের বৈশিষ্ট্য

ভর্তি চলিতেছে
Class Nursery to XII (Proposed)

- CBSE Curriculum • অভিজ্ঞ শিক্ষক শিক্ষিকা মণ্ডলী।
- ইসলামিক বুনিয়াদি শিক্ষা • বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা।
- শীততাপ নিয়ন্ত্রিত ক্লাস রুম।
- International পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অসাধারণ ফলাফল।
- প্রত্যেক ছাত্র-ছাত্রীদের পৃথক ভাবে মানোন্নয়ন।
- ক্লাস 5 থেকে NEET / JEE FOUNDATION COURSE
- Spoken Arabic Course।
- Co-Curriculum Activities
- ক্লাস 5 থেকে ছাত্রীদের সম্পূর্ণ পৃথক ক্লাস রুম

অন্যান্য স্কুলের থেকে তুলনামূলক অনেক কম খরচে আপনার সন্তানকে দেশের আদর্শবান নাগরিক হিসাবে গড়ে তুলুন।

Helpline
9231510342
8585024724
8910301695

In strategic alliance with
MS Education Academy
HYDERABAD

Website : www.ilmaschool.in / Email : ilmaschoolbaruipur@gmail.com

প্রথম নজর

খড়গ্রামে নির্বাচনী প্রচারে খলিলুর

সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

আপনজন: ভোট যত এগিয়ে আসছে, তত জোরদার হচ্ছে নির্বাচনী প্রচার। মুর্শিদাবাদ জেলা জুড়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা শুরু করেছে প্রচার অভিযান। ‘বাংলার অধিকার যাত্রা’ কর্মসূচির মাধ্যমে লোকসভা নির্বাচনের প্রচারে অংশগ্রহণ করলেন জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের বিদায়ী সাংসদ তথা তৃণমূল প্রার্থী খলিলুর রহমান। শনিবার খড়গ্রাম ব্লকের মাড়গ্রাম ও কীর্তিপুর অঞ্চলের বিভিন্ন এলাকায় নির্বাচনী প্রচারে অংশ নেন তিনি। নির্বাচনী প্রচারে তার সঙ্গে উপস্থিত ছিলেন খড়গ্রামের বিধায়ক আশিষ মার্জিত, খড়গ্রাম ব্লক তৃণমূলের দুই সভাপতি হুমায়ুন কবির ও শাশ্বত মুখার্জি সহ ব্লকের অন্যান্য নেতৃত্বরা।

ভোটারদের সচেতনতায় পথনাটিকা কেশপুরে

সেখ মহম্মদ ইমরান ● কেশপুর

আপনজন: “সবাই মিলে ভোট দেবো” ট্যাগ লাইনকে সামনে রেখে কেশপুর ব্লক প্রশাসনের উদ্যোগে এক পথ নাটিকা উপস্থাপিত হলো কেশপুরের বিভিন্ন গ্রামে।

সোমবার পশ্চিম মেদিনীপুর জেলা নির্বাচনী আধিকারিক দ্বারা জনস্বার্থে প্রচারিত পথ নাটক “চলো যাই ভোট দিতে” মঞ্চস্থ হলো বিভিন্ন গ্রামে। কেশপুরের যুগ্ম সমষ্টি উন্নয়ন আধিকারিক সৌমিক সিংহ জানিয়েছেন, আগামী ২৫শে মে ভারতের নির্বাচন উপলক্ষে জেলা নির্বাচনী আধিকারিকের উদ্যোগে সাধারণ মানুষকে সচেতন করা ও সবাই মিলে ভোট দিতে যাওয়ার আহ্বান উপলক্ষে নির্বাচন কমিশনের দ্বারা এই পথ নাটক কেশপুর ব্লকের বিভিন্ন গ্রামে অনুষ্ঠিত হয়েছে। নাটকটির প্রয়োগে ছিলো কলকাতার “কও কথা” নামক এক সংস্থা। এই নাটকের মাধ্যমে সাধারণ মানুষকে ভোটদান সম্পর্কে নিয়ে সচেতন করা হয়েছে। কেশপুরের জয়েন্ট বিডিও ছাড়াও উপস্থিত ছিলেন মাস এডুকেশনের মহিলা এক্সটেনশন অফিসার পিয়ালী কুইলা, এস ই ও সঞ্জয় মাহাতো ও ব্লকের অন্যান্য অধিকারিকগণ ও “কও কথা” র আধিকারিক ভাস্বতী বন্দ্যোপাধ্যায় প্রমুখ।

জঙ্গিপুরে জিতবে কংগ্রেস, প্রচারে এসে দাবি জোট প্রার্থীর

আসিফ রনি ● নবগ্রাম

আপনজন: জঙ্গিপুরে আমিই প্রথম হবো বলে ভোট প্রচারে এসে দাবি করলেন বাম কংগ্রেস জোট প্রার্থী মুর্তজা হোসেন। যদিও এই নিয়ে কটাক্ষ করতে ছাড়েনি তৃণমূল। এদিন নবগ্রামে এসে পদযাত্রা করে ভোট প্রচারে দেখা যায় প্রার্থীকে , পদযাত্রায় মানুষের উপস্থিতিও ছিল নজর কাড়া।

সোমবার নবগ্রাম সিপিএম কার্যালয়ে প্রথমে কর্মী সভা অনুষ্ঠিত হয় তারপর প্রচুর সংখ্যক বাম কংগ্রেস কর্মী সমর্থক নিয়ে মিছিলের মধ্যে দিয়ে ভোট প্রচারে বের হন জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের বাম ও কংগ্রেস জোট প্রার্থী মুর্তজা হোসেন। পুরো নবগ্রাম মোড় পরিক্রমা করে এদিনের মিছিল। সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন এবং তাদের কাছে ভোট চান প্রার্থী সহ নেতৃত্বরা। এদিন সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে জঙ্গিপুরের জোট প্রার্থী মুর্তজা হোসেন বিভিন্ন ইস্যু নিয়ে মানুষের কাছে যাচ্ছি আমরা। জঙ্গিপুর লোকসভায় আমরাই প্রথম হব। দ্বিতীয় ও তৃতীয় কে হবে জানিনা। অন্যদিকে এ ঘটনা নিয়ে কটাক্ষ করতে ছাড়েননি নবগ্রাম ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি মোঃ এনায়েতুউল্লাহ। তিনি বলেন বিগত দিনে ক্ষমতায় থাকাকালীন বাম কংগ্রেস কিছুই করেনি ,ভোটের সময় মানুষের কাছে এসেছে। নবগ্রাম বিধানসভায় হাজার হাজার ভোটে লিড পাবে তৃণমূল প্রার্থী।

এদিনের পদযাত্রায় উপস্থিত ছিলেন জঙ্গিপুর লোকসভা কেন্দ্রের বাম কংগ্রেস জোট প্রার্থী মুর্তজা হোসেন ছাড়াও নবগ্রাম ব্লক কংগ্রেসের পূর্ব ও পশ্চিমজনের সভাপতি বীরেন্দ্রনাথ যাদব এবং মির বাদাম আলী। সেই সঙ্গে সিপিআইএম নেতা মুকুল মন্ডল ছাড়াও আরো বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং কংগ্রেস সিপিএমের কর্মী সমর্থকরাও। এই প্রচারের মধ্যে দিয়ে বাম কংগ্রেসের আনন্দের উচ্ছ্বাস লক্ষ্য করা যায়।

ফ্যাসিবাদী শক্তির বিরুদ্ধে গণনাট্য সংঘ

বিশেষ প্রতিবেদক ● মালদা

আপনজন: কেন্দ্রের ফ্যাসিবাদী সরকারের জনবিরোধী নীতির বিরুদ্ধে প্রচারে এবার মালদা জেলার সাংস্কৃতিক কর্মীরা। অষ্টাদশ লোকসভা নির্বাচনে সারা দেশে ফ্যাসিস্ট বিজেপি এবং তৃণমূল কংগ্রেসকে পরাজিত করার শপথ নিলেন জেলার সাংস্কৃতিক কর্মীরা। মালদা উত্তর ও মালদা দক্ষিণ জেলার দুটি লোকসভা আসনে ফ্যাসিবাদী দলকে পরাজিত করতে এবার পথে নামছে জেলার সাংস্কৃতিক কর্মিরা। পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ, পশ্চিমবঙ্গ আদিবাসী ও লোকশিল্পী সংঘ এবং ভারতীয় গণনাট্য সংঘ যৌথভাবে কর্মসূচি পালনের সিদ্ধান্ত নিয়েছে। সাংস্কৃতিক কর্মিরা তাঁদের কথা,কবিতা, ছড়া, গান দিয়ে সাধারণ মানুষকে সচেতন করবেন। জেলার সাংস্কৃতিক কর্মিদের মতে, কেন্দ্রে একটি জনবিরোধী সরকার চলছে।সাধারণ মানুষের স্বার্থে এই সরকারের পতন খুবই জরুরি।তাই জেলার সাংস্কৃতিক কর্মিরা ঐক্যবদ্ধ হয়ে লড়াইয়ের ডাক দিয়েছেন।

ছবি: উমর ফারুক

উত্তরবঙ্গের স্কুল পরিদর্শনে পর্ষদ সভাপতি

মুহাম্মদ জাকারিয়া ● শিলিগুড়ি

আপনজন: উত্তরবঙ্গের প্রাণকেন্দ্র শিলিগুড়ির বিভিন্ন প্রাথমিক স্কুল পরিদর্শনে করেন সোমবার পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল। তাঁর সাথে ছিলেন শিলিগুড়ি প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারম্যান দিলিপ কুমার রায়।

এদিন তাঁরা প্রথমে শিলিগুড়ি বরদাকান্ত বিদ্যাপীঠে প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন। শ্রেণিকক্ষে গিয়ে ছাত্রদের সঙ্গে কথা বলেন প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি। মূলত পড়ুয়ারা ভালো ভাবে পড়াশোনা করছে কিনা স্কুলগুলির পরিকাঠামো কেমন রয়েছে, কি কি অসুবিধা রয়েছে সহ যাবতীয় বিষয় খতিয়ে দেখতে বিভিন্ন স্কুলগুলি পরিদর্শন করেন পর্ষদের সভাপতি গৌতম পাল। তিনি বড়োদাকান্ত বিদ্যাপীঠ সম্পর্কে জানান, স্কুলে ছাত্র সংখ্যা অনেক রয়েছে মোটামুটি সব ঠিকঠাকই আছে, দুই একটি বিষয়ে সামান্য কিছু ত্রুটি আছে সেগুলো ঠিক করবার নির্দেশ দিয়েছেন তিনি।

কলকাতার ২০০ স্কুলে বিস্ফোরণ ঘটানোর হুমকি মেল জঙ্গিদের

নিজস্ব প্রতিবেদক ● কলকাতা



আপনজন: কোনও স্কুলে বাংলায় চিঠি লিখছে লস্কর-ই তইবার জঙ্গিরা। আবার মধ্যরাতে ই-মেল পাঠাচ্ছে। রবিবার মধ্যরাতে কলকাতা শহরের ২০০ স্কুলের ই-মেল আইডি তে মেল আসে। তাতে বলা হয় টাইমার সেট করে দেওয়া হয়েছে প্রতিটি স্কুলের ক্লাস রুমগুলিতে বা স্কুল প্রাঙ্গণে। স্কুলের ছাত্ররা যখন আসবে এবং প্রার্থনার জন্য এক জায়গায় জড়ো হবে কিংবা। টিফিন টাইমে খেলাধুলা করবে সেই সময় বিস্ফোরণ ঘটবে। ই-মেলে আরো জানানো হয়, উদ্দেশ্য হল যত বেশি সংখ্যক সম্ভব মানুষকে রক্ত স্নান করানো যায়। ওই পাতায় জঙ্গি দই চিং ও ডলের নাম উল্লেখ করা হয়েছে। এই মেলকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে চারদিকে। অপরদিকে বনগায় বিজেপি প্রার্থী শান্তনু ঠাকুরকেও জঙ্গিরা বাংলায় লেখা টাইপ করার চিঠি দিয়ে এনআরসি হলে ঠাকুরনগর মন্দিরে এবং তার পরিবারের উপর হামলা হবে বলে হুমকি দেওয়া হয়েছে। এদিকে অভিজ্ঞ গোয়েন্দারা মনে করছেন কে বা কারা নির্বাচনের সময় চারদিকে ভয়-ভীতি সৃষ্টি করার জন্য পরিকল্পিতভাবে এই ধরনের ঘটনা ঘটাচ্ছে। তবে পুলিশের তরফে সমস্ত রকম প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তবে এই ই- মেলগুলি ভুয়ো হওয়ার সম্ভাবনা উড়িয়ে দিচ্ছেন না কলকাতা পুলিশের আধিকারিকরা। এর আগে জানুয়ারি মাসে গোটা কলকাতার জাদুঘরটি উড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছিল একটি জঙ্গি সংগঠন। ‘টেরোরাইজার ১১১’ নামের একটি জঙ্গি সংগঠন তারা ইমেইল পাঠিয়ে এই হুমকি দিয়েছিল। কলকাতা পুলিশ মিউজিয়ামে গিয়ে বম্ব স্কোয়াড তল্লাশি চালালেও কিছু পাওয়া যায়নি।

পুলিশকে মারধরে গ্রেপ্তার

জয়প্রকাশ কুইরি ● পুরুলিয়া

আপনজন: পুরুলিয়ার মানবাজার থানার ইন্দকুড়ি মোড়ে পুলিশকে মারধর করার ঘটনায় গ্রেফতার হলো ৬ জন অভিযুক্ত। সোমবার তাদের পুরুলিয়া জেলা আদালতে তোলার পর ১০ দিনের জন্য পুলিশ নিজেদের হেফাজতে নেয়। পুরুলিয়া জেলা পুলিশ সুপার অভিজিৎ বন্দোপাধ্যায় জানান, মানবাজার থানার পুলিশ ইন্দকুড়ি মোড়ে যায় গত রবিবার। সেখানে ঝামেলার খোঁজ খবর নেওয়ার আগেই স্থানীয় উত্তেজিত জনতা পুলিশের উপর হামলা চালায়। অনিমেষ ব্যানার্জী নামের এক সাব ইন্সপেক্টর, দুই সিভিক পুলিশ, দুই কনস্টেবল আক্রান্ত হন।

ছড়িয়ে-ছিটিয়ে

ইফতার মজলিশে সায়রা হালিম

নুরুল ইসলাম খান ● কলকাতা

আপনজন: কলকাতা পুরসভার ৬০নং ওয়ার্ডের তাঁতি বাগান মিল্লি কলেজে রোববার মিলন উৎসব বা ইফতার মজলিশ অনুষ্ঠিত হয়। দক্ষিণ কলকাতা লোকসভার প্রার্থী সায়রা শাহ হালিম, আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য, ডাক্তার ফুয়াদ হালিম, ড.দেবেশ দাস, যুবনেতা মানজার আহসান ছাড়াও বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

‘মহালক্ষ্মীর ভাণ্ডার’ নিয়ে প্রচারে মিল্টন

মোহাম্মাদ সানাউল্লা ● সাঁইথিয়া

আপনজন: মহিলা ভোট পেতে মহালক্ষীর ভান্ডার নিয়ে প্রচারে নামল বাম কংগ্রেস জোট প্রার্থী মিল্টন রশিদ। এই ইস্যু নিয়ে সোমবার সাঁইথিয়া কলেজ মোড় থেকে ইউনিয়ন বোর্ডের মহাত্মা গান্ধীর পাদদেশ পর্যন্ত বাম কংগ্রেস প্রার্থী মিল্টন রশিদ লোকসভা নির্বাচনী ভোট প্রচার করেন। কেন্দ্রে কংগ্রেস ক্ষমতায় এলে মহিলাদের মহা লক্ষীর ভান্ডারে বছরে ১ লক্ষ করে টাকা দেবে কংগ্রেস সরকার। নির্বাচনী ভোট প্রচারে মহিলাদের জন্য এমনই ঝাঁজে বক্তব্য রাখেন মিল্টন রশিদ। তিনি মহিলাদের উদ্দেশ্যে বলেন, আপনারা লক্ষীর ভান্ডারে মাসে এক হাজার করে টাকা পান। এই এক হাজার টাকার পরিবর্তে তৃণমূল কংগ্রেস সরকারের কাছে মাসে দশ হাজার টাকা করার দাবি রেখেন মিল্টন রশিদ। সেই সঙ্গে তিনি আরো বলেন, কেন্দ্রে ইন্ডিয়া জোট মোদি সরকারকে তাড়িয়ে প্রধান মন্ত্রী নির্বাচিত হবেন রাহুল গান্ধী। তার পর থেকে পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষের মহিলারা বছরে মহালক্ষীর ভান্ডারে এক লক্ষ করে টাকা পাবেন। এছাড়াও তিনি মহিলাদের উদ্দেশ্যে আরও বলেন, এটা বাংলার ভোট নয়। এটা লক্ষ্মীর ভান্ডারের ভোট নয়। এই ভোট ভারতবর্ষে মোদির বিরুদ্ধে ভোট। মোদির বিরুদ্ধে যদি বাম কংগ্রেসকে ভোট দিয়ে রাহুল গান্ধী প্রধান মন্ত্রী নির্বাচিত হন। তখন মমতার কাছ থেকে যেমন মাসে এক হাজার টাকা পাচ্ছেন। তেমনি রাহুল গান্ধীর কাছ থেকে বছরে মহালক্ষীর ভান্ডারে বছরে এক লক্ষ করে টাকা পাবেন। সভা মঞ্চ থেকে মহিলাদের এই দুটি সুযোগের সদ্ব্যবহার করার যেমন আর্জি জানিয়েছেন সেই সঙ্গে অন্তত এক বার ইন্ডিয়া জোটকে সরকার গড়ে তোলার আহ্বান জানিয়েছেন বীরভূম লোক সভা কেন্দ্রের বাম কংগ্রেস জোট প্রার্থী মিল্টন রশিদ।

নয়া ভোটারদের নিয়ে সচেতন কর্মশালা

অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট

আপনজন: নতুন ভোটারদের নিয়ে অনুষ্ঠিত হল বিশেষ সচেতনতামূলক কর্মশালা। বালুরঘাট মহিলা মহাবিদ্যালয়ে আয়োজিত এদিনের এই কর্মশালায় উপস্থিত ছিলেন জেলাশাসক বিজিন কৃষ্ণা, অতিরিক্ত জেলাশাসক হারিস রাশিদ, জেলা আনন্দধারা প্রকল্পের প্রজেক্ট ডিরেক্টর তথা এডিএম ইনচার্জ সুব্রত মোহন্ত সহ অন্যান্য আধিকারিকেরা। উল্লেখ্য, ইলেক্টোরাল লিটারেসি ক্লাব হল কলেজের ছাত্রদেরকে তাদের নির্বাচনী অধিকার সম্পর্কে সচেতন করার জন্য হাতে-কলমে অভিজ্ঞতার মাধ্যমে সম্পৃক্ত করার একটি প্ল্যাটফর্ম। ‘আমার আছে ভোট শক্তি, ভোট দেব দেশ গড়বো’ এইবার থেকে সামনে রেখেই এদিন এই ভোটার এডুকেশন বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। দক্ষিণ দিনাজপুর জেলার জেলাশাসক বিজিন কৃষ্ণ জানান, মূলত যারা নতুন ভোটার, তাদের কাছে কমিশনের বার্তা পৌঁছে দেয়া এবং কিভাবে তারা ভালোভাবে ভোট প্রক্রিয়া অংশগ্রহণ করতে পারে তার জন্য এই সচেতনতা শিবির।

বসিরহাটে সম্প্রীতির ইফতার মজলিশ ও ঈদ সামগ্রী বিতরণ

মনিরুজ্জামান ● বসিরহাট

আপনজন: সোমবার খুশির ঈদের আগাম শুভেচ্ছা বিনিময় ও দুঃস্থদের হাতে উপহার তুলে দেওয়া হয় বসিরহাট পৌরসভার ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তুহিনা পারভীনের উদ্যোগে। এই অনুষ্ঠানে উপস্থিত হয়ে বাংলায় শান্তি সম্প্রীতি রক্ষায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভূয়সী প্রশংসা করেন উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ হাজি একেএম ফারহাদ। তিনি বলেন,এই বাংলায় যেমন মসজিদে আজান হয় তেমনই আবার মন্দিরে পূজা হয়। সর্বধর্ম সমন্বয়ের পীঠস্থান হল এই সোনার বাংলা। এখানে কোনওরকমের ধর্মীয় মেরুকরণ করতে এলে শুভবুদ্ধি সম্পন্ন মানুষ বিতাড়িত করে দেবে। এদিন উপহার সামগ্রী বিতরণ করার পাশাপাশি এদিন বসিরহাট মাওলানা বাগ দরবার শরীফে মহতী ইফতার মাহফিল অনুষ্ঠিত হয় । বিশ্ববাসীর সাথে সাথে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়, ফিরহাদ হাকিম সহ সকলের জন্য দোয়া প্রার্থনা করা হয়।

পাশাপাশি আসন্ন লোকসভা নির্বাচনে বসিরহাট কেন্দ্রে জোড়াফুলের প্রতীকে প্রার্থী হাজি শেখ নুরুল ইসলামকে বিপুল ভোটে জয়ের বার্তা রাখা হয়। এই কর্মসূচিতে হাজি একেএম ফারহাদ ছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজকর্মী সরোজ ব্যানার্জি, বসিরহাট পৌরসভার পৌরপ্রধান অদিতি মিত্র,পীরজাদা আলহাজ্ব মনিরুল আমিন,পীরজাদা সাহাদ বিন আমিন,হাজি কাশেম, সিরাজুল আমিন, খোবায়ের আমিন, কাউন্সিলর কৌশিক বাবু,সোমা দাস,ইমরোজ প্রমুখ। ঈদের এই উপহার বিতরণে মুখ্য ভূমিকা পালন করেন ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর তুহিনা পারভীন ও সমাজকর্মী মেশকাত আলি।

ঈদ ও রামনবমী উপলক্ষে শান্তি কমিটির বৈঠক লোকপুর থানায়

সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম

আপনজন: আসন্ন ঈদ ও রামনবমী উপলক্ষে জেলা প্রশাসনের উদ্যোগে এবং লোকপুর থানার ব্যবস্থাপনায় সোমবার স্থানীয় থানা চত্বরে এলাকার পেশ ইমাম,মসজিদ ও রামনবমী কমিটির সদস্য সহ বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে বিশেষ বৈঠক আয়োজিত হয়। সম্ভবত আগামী বুধ অথবা বৃহস্পতিবার দিন মুসলিম সম্প্রদায়ের খুশির উৎসব ঈদ-উল-ফিতর অনুষ্ঠিত হবে।এলাকার বিভিন্ন মসজিদ এবং ঈদগাহ গুলিতে এই ঈদের নামাজ অনুষ্ঠিত হয়ে থাকে। এই ঈদ উৎসব যাতে মুসলিম সম্প্রদায়ের মানুষ সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে পালন করতে পারেন সেই লক্ষ্যেই মূলত এই বৈঠকের আয়োজন।পাশাপাশি রামনবমী উপলক্ষে ও শান্তি শৃঙ্খলা বজায় রেখে ধর্মীয় আচার অনুষ্ঠান পালনের আহ্বান জানানো হয় বৈঠক থেকে। ঈদ ও রামনবমী যেন শান্তিপূর্ণভাবে পালিত হয় সে বিষয়ে লোকপুর থানার পক্ষ থেকে পুলিশি নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

পাশাপাশি স্থানীয় সমস্ত সম্প্রদায়ের মানুষদেরও সম্প্রীতির এবং ভ্রাতৃত্ববোধের বাতাবরণ তৈরি করে উৎসব শান্তিপূর্ণভাবে পালন করার আহ্বান জানান লোকপুর থানার ওসি পার্থ কুমার ঘোষ।

এছাড়াও বৈঠকে উপস্থিত ছিলেন লোকপুর থানার এসআই প্রশান্ত ঘোষ ও কাশীনাথ বেরা, এএসআই প্রশান্ত রায়,আলিয়ট মসজিদের ইমাম হাফিজ সামিউল খান, শিক্ষক সেখ জুলফিকার আলী,সমাজসেবী উজ্জ্বল দত্ত, সুকুমার নন্দী, হাফেজ মহম্মদ নাসিরউদ্দিন, দীপক শীল প্রমুখ।

‘রিলস’ বানাতে গিয়ে ডুবে মৃত্যু তরুণের!

নাজিম আক্তার ● হরিশ্চন্দ্রপুর

আপনজন: নিখোঁজ থাকার দুই দিন পর ফুলহার নদী থেকে উদ্ধার হল তরুনের দেহ। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে বিহারের পুলিস।ঘটনাটি ঘটেছে বিহারের আমদাবাদ পুলিশ স্টেশনের গোবিন্দপুর প্যাটা ঘাটের কাছে।মৃত তরুনের নাম রাজিবুল ইসলাম(১৯)।

তার বাড়ি হরিশ্চন্দ্রপুর থানার কাউয়ামারী এলাকায়।গত শনিবার এলাকার ৭ জন বন্ধু মিলে বিহার সংলগ্ন ফুলহর নদীতে মোবাইল দিয়ে ‘রিলস’ করতে যায়।প্রথমে এক বন্ধুকে ডুবতে দেখে রাজিবুল তাকে বাঁচাতে যায়। স্রোতের টানে দুই বন্ধু ভেসে যায়।

এই সময় স্থানীয় এক শশা ব্যবসায়ী ও তার স্ত্রী নদীতে বাঁশ ফেলে তাদেরকে ঘাটে তোলার চেষ্টা করেন।বাঁশ ধরে তার বন্ধু ঘাটে উঠে আসলেও সে আর উঠতে পারেনি।বিহার ও বাংলার পুলিস খোঁজ শুরু করে। দুই দিন পর সোমবার দেহ উদ্ধার করে বিহার পুলিস।

ঈদের আগে ইমাম ও মোয়াজ্জেনদের সংবর্ধনা

এম মেহেদী সানি ● অশোকনগর

আপনজন: ঈদের আগে অশোকনগরের বিধায়ক ও উত্তর ২৪ পরগনা জেলা সভাধিপতি নারায়ণ গোস্বামী উদ্যোগে, সংসদ ও বারাসাত লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী ককলি ঘোষ দস্তিদারের পক্ষ থেকে অশোকনগর বিধানসভা এলাকার ইমাম মোয়াজ্জেনদের সংবর্ধিত করা হল। সোমবার কামারপুরের মন্ডলআটিতে ওই সংবর্ধনা অনুষ্ঠানে এলাকার সমস্ত ইমাম মোয়াজ্জেনরা উপস্থিত ছিলেন। ওই সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক নারায়ন গোস্বামী ইমাম মোয়াজ্জেনদের পাশে থাকার বার্তা দেন । পাশাপাশি জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে শান্তি সম্প্রীতি ঐক্য বজায় রাখতে সকলকে ঐক্যবদ্ধ থাকারও আহ্বান জানান। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা এবং রাজ্য সরকারের মানবিক দিকের কথাও তুলে ধরেন নারায়ণ। উপস্থিত ছিলেন সাংসদ ও বারাসাত লোকসভা কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী কাকলি ঘোষ দস্তিদার, ধর্মপ্রাণ ইমাম-মুয়াজ্জেমদের কাছে দোয়া চান। দেশের বর্তমান পরিস্থিতি এবং বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যের সাম্প্রদায়িক সহিংসতার কথা তুলে বক্তব্য রাখেন কাকলি। বাংলার শান্তি সম্প্রীতি ঐক্য বজায় রাখতে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান এবং তৃণমূলের পাশে থাকতে অনুরোধ করেন তিনি। এ দিন অশোকনগর বিধানসভা এলাকার সমস্ত ইমাম মোয়াজ্জেনদের বিধায়ক ও সংসদের তরফে আসন্ন ঈদ উপলক্ষে সংবর্ধনা দেওয়ার পাশাপাশি তাদের হাতে উপহার সামগ্রী তুলে দেওয়া হয় ।

কলেজ ছাত্রীর মৃত্যু শ্বশুরবাড়িতে, খুনের অভিযোগ ছাত্রীর পরিবারের

নিজস্ব প্রতিবেদক ● মুর্শিদাবাদ

আপনজন: মুর্শিদাবাদের জিয়াগঞ্জ শ্রীপৎ সিং কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রীর রহস্যমৃত্যু শ্বশুরবাড়িতে। খুনের অভিযোগ তুলে জিয়াগঞ্জ থানায় বাবার বাড়ির সদস্যদের বিক্ষোভ। উল্লেখ্য, প্রায় বছর চারেক আগে জিয়াগঞ্জ থানার মুকুন্দবাগ গ্রাম পঞ্চায়েতের আমিনাবাজার এলাকায় বিয়ে হয় সাগরদিঘী থানার দস্তুরহাট গ্রামের রুকসেনা খাতুনের(১৯)। স্বামী কর্মসূত্রে সৌদি আরবে থাকায় বিয়ের কিছুদিন পর বাচ্চা হওয়ার আগে থেকেই বাবার বাড়ি দস্তুরহাটে থাকতো ওই ছাত্রী। জিয়াগঞ্জ শ্রীপৎ সিং কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রী ছিল সে। এক মাস আগে পরিক্ষাও দিয়েছে। সপ্তাহ চারেক আগে তার স্বামী

বাড়ি ফেরার কারনে ওই ছাত্রীও আমিনাবাজারে শ্বশুরবাড়িতে থাকতে শুরু করে। অভিযোগ, তারপর থেকেই শ্বশুরবাড়ির লোকেদের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে ঝামেলা হয় ওই ছাত্রীর। মৃত ছাত্রীর পরিবারের দাবি, পনের জন্য শারীরিক ও মানসিক ভাবে প্রায়ই অত্যাচার করা হতো তাকে। রবিবার দুপুর ১টা নাগাদ বাবার বাড়িতে ফোন করে শ্বশুরবাড়ি থেকে জানাই তাদের মেয়ে কীটনাশক খেয়ে আত্মহত্যা করেছে, বহরমপুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। ছাত্রীর বাবার বাড়ির কয়েকজন সদস্য বহরমপুর হাসপাতালে গিয়ে কিছু দেখতে না পাওয়ায় সন্দেহ হয়। তৎক্ষণাৎ মৃতার পরিবার জিয়াগঞ্জ থানাতে বিষয়টি জানালে পুলিশ গিয়ে শ্বশুরবাড়ি থেকে দেহ উদ্ধার করে আজিমগঞ্জ স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যায়, সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। পরবর্তীতে জিয়াগঞ্জ থানার মর্গে মৃতদেহ রাখা হয়। পরিবারের আরও অভিযোগ, ওই ছাত্রীকে শ্বাসরোধ করে খুন করা হয়েছে।

মৃতার পরিবার এই ঘটনায় শ্বশুরবাড়ির সকল সদস্যদের বিরুদ্ধে জিয়াগঞ্জ থানায় অভিযোগ দায়ের করেছে। পুলিশ অভিযুক্ত স্বামী মিসকাতুল ইসলাম (৩৫) কে আটক করেছে।

প্রথম নজর

২১ হাজারের বেশি প্রবাসীকে গ্রেফতার করল সৌদি সরকার

আপনজন ডেস্ক: আবাসন, শ্রম ও সীমান্ত সুরক্ষা আইন লঙ্ঘনের অভিযোগে সৌদি আরবে এক সপ্তাহে ২১ হাজারের বেশি প্রবাসীকে গ্রেফতার করা হয়েছে। গত ২৮ মার্চ থেকে ৩ এপ্রিল পর্যন্ত ওই প্রবাসীদের গ্রেফতার করেছে দেশটির আইনশৃঙ্খলাবাহিনী। রোববার (৭ এপ্রিল) সৌদি আরবের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

বিবৃতিতে বলা হয়েছে, অবৈধ প্রবাসীদের বিরুদ্ধে সৌদিজুড়ে চলমান ধরপাকড় অভিযানের অংশ হিসেবে তাদের গ্রেফতার করা হয়েছে। সৌদি আরবের রাষ্ট্রায়ত্ত বার্তা সংস্থা সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) বলেছে, গত ৩ এপ্রিল পর্যন্ত এক সপ্তাহে দেশজুড়ে অভিযান চালিয়ে ২১ হাজার ৫০৫ জন প্রবাসীকে গ্রেফতার করা হয়েছে। এই প্রবাসীদের বিরুদ্ধে সৌদি আরবের আবাসন, শ্রম ও সীমান্ত সুরক্ষা আইন লঙ্ঘনের অভিযোগ রয়েছে। এতে বলা হয়েছে, সৌদির আবাসন আইন লঙ্ঘনের দায়ে ১৪ হাজার ৩২৩ জন, সীমান্ত সুরক্ষা আইনে ৪ হাজার ৭৭৮ জন এবং শ্রম আইনের আওতায় ২ হাজার ৪০৪ জনকে গ্রেফতার করা হয়েছে। তাদের মধ্যে ১ হাজার ২৯৫ জনকে অবৈধভাবে সৌদি আরবে প্রবেশের চেষ্টার সময় গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত প্রবাসীদের মধ্যে ইয়েমেনি ৩৭ শতাংশ, ইথিওপিয়ান ৬১ শতাংশ এবং অন্যান্য দেশের ২ শতাংশ নাগরিক রয়েছেন। এছাড়া অবৈধ উপায়ে সৌদি আরবের ত্যাগের চেষ্টটার সময় আরো ৬১ জন প্রবাসীকে গ্রেফতার করা হয়েছে। একই সময়ে আবাসন ও কর্মবিধি লঙ্ঘনকারীদের পরিবহন এবং আশ্রয় দেওয়ায় সৌদিতে বসবাসরত ৯ ব্যক্তিকেও গ্রেফতার করা হয়েছে। বসবাসের অনুমতি, শ্রম ও সীমান্ত আইন লঙ্ঘনের দায়ে সৌদি আরবে বর্তমানে ৬১ হাজার ৩০১ জনের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। তাদের মধ্যে পুরুষ ৫৭ হাজার ১৩ জন এবং নারী আছেন ৪ হাজার ২৮৮৮ জন। আটককৃত প্রবাসীদের মধ্যে ৫৪ হাজার ১৬৯ জনকে দেশে ফেরত পাঠানোর আগে ভ্রমণের প্রয়োজনীয় নথি সংগ্রহের জন্য তাদের নিজ নিজ কূটনৈতিক মিশনে পাঠানো হয়েছে। এর পাশাপাশি আরো ১ হাজার ৬৬৬ জনকে সৌদি আরব থেকে ফেরত পাঠানোর ব্যবস্থা করতে চূড়ান্ত নির্দেশ দেওয়া হয়েছে।

ইউক্রেনের পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ড্রোন হামলা

আপনজন ডেস্ক: ইউক্রেনের রুশ অধিকৃত জাপোরিজ্জিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে আবারও ড্রোন হামলা হয়েছে। সোমবার এই হামলা হয়েছে বলে দাবি করেছে রুশ কর্তৃপক্ষ। হামলার জন্য ইউক্রেনকে দায়ী করেছে রাশিয়া। তবে দেশটির এই অভিযোগ অস্বীকার করেছে ইউক্রেন। ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স এই খবর জানিয়েছে। রাশিয়া দাবি করেছে, রুশ নিয়ন্ত্রিত জাপোরিজ্জিয়া পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ড্রোন হামলা করে ইউরোপের বৃহত্তম পারমাণবিক নিরাপত্তাকে হুমকির মুখে ফেলেছে ইউক্রেন। ড্রোনটি গুলি করে ভূপাতিত করার দাবি করেছে রাশিয়া।

তবে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে ৪৮ ঘণ্টার মধ্যে যে কোনও ধরনের হামলার কথা অস্বীকার করেছে ইউক্রেন। এমনকি রবিবারের ওই বিদ্যুৎকেন্দ্রের ৩টি ড্রোন হামলার কথাও অস্বীকার করেছে দেশটি। ওই হামলার পর ইন্টারন্যাশনাল অ্যাটমিক এনার্জি এজেন্সি (আইএইএ) বলেছিল, এ ধরনের হামলা পারমাণবিক নিরাপত্তাকে হুমকির মুখে ফেলেছে। রাশিয়ার রাষ্ট্রীয় পারমাণবিক কর্পোরেশন রোজাটম পারমাণবিক কেন্দ্রটি পরিচালনা করে। সংস্থাটি বলেছে, সোমবার ইউক্রেনের সশস্ত্র বাহিনী কামিকাজে ড্রোন ব্যবহার করে ওই পারমাণবিক কেন্দ্রে হামলা করেছিল। ড্রোনটি গুলি করে ভূপাতিত করা হয়েছে।

আমেরিকায় জোর করে হিজাব খোলায় সাড়ে ১৭ মিলিয়ন ডলার জরিমানা

আপনজন ডেস্ক: যুক্তরাষ্ট্রে দুই মুসলিম নারীকে হিজাব খুলতে বাধ্য করার অভিযোগে দায়ের হওয়া মামলায় নিউ ইয়র্ক পুলিশকে সাড়ে ১৭ মিলিয়ন ডলার (বাংলাদেশি মুদ্রায় যা প্রায় এক কোটি ৭৫ লাখ টাকা) জরিমানা করেছে দেশটির একটি আদালত। এক প্রতিবেদনে সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, ওই নারীরা অভিযোগ করেছিল, পুলিশ তাদের গ্রেপ্তার করে হিজাব অপসারণে বাধ্য করেছিল। এর ফলে তাদের অধিকার লঙ্ঘিত হয়েছে। ২০১৮ সালে জামিলা ক্লার্ক ও আরওয়া আজিজ নামের দুই নারী ম্যানহাটন ফেডারেল আদালতে মামলাটি দায়ের করেন। সম্প্রতি এই মামলার রায় দেওয়া হয়।

রায় দেওয়ার পর জামিলা ক্লার্ক এক বিবৃতিতে বলেন, তারা যখন আমাকে হিজাব খুলতে বাধ্য করেছিল, তখন আমার মনে হয়েছিল যেন আমি নগ্ন। আমি নিশ্চিত নই, এই শব্দগুলো বিষয়টি বোঝাতে সক্ষম হচ্ছে কিনা আমি নিজেকে কতটা উন্মুক্ত মনে করেছি। আমি খুব গর্বিত যে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার পাওয়ার ক্ষেত্রে ভূমিকা পালন করতে পেরেছি।

এই মামলার পরিপ্রেক্ষিতে ২০২০ সালে পুলিশ বিভাগ হিজাবের ব্যাপারে নীতি পরিবর্তন করে। নতুন নীতিতে বলা হয়, যতক্ষণ হিজাব মুখের ছবি তোলার ক্ষেত্রে বাধা না দিচ্ছে, ততক্ষণ পর্যন্ত তাদের ধর্মীয় পোশাক পরিধানের অনুমতি দেওয়া হবে।

এক বিবৃতিতে শহরের আইন বিভাগের মুখপাত্র নিকোলাস পাওলুচি বলেন, এ মামলার পরিপ্রেক্ষিতে নিউ ইয়র্কের পুলিশ বিভাগে একটি ইতিবাচক সংস্কার হয়েছে। এর ফলে কারো ধর্মীয় বিশ্বাসের প্রতি সম্মান প্রদর্শনের পাশাপাশি আইন প্রয়োগকারীকে তার জরুরি কার্যক্রম চালিয়ে যাওয়ার মধ্যে ভারসাম্য রক্ষা করতে হবে।

মামলার রায়ে যে সাড়ে ১৭ মিলিয়ন ডলারের কথা বলা হয়েছে, তা থেকে প্রশাসনিক খরচ ও আইনজীবীদের ফি কেটে নেওয়ার পর ১৩ মিলিয়ন ডলার অবশিষ্ট থাকবে। যারা ২০১৪ সালের মার্চ থেকে ২০২১ সালের আগস্টের মধ্যে একই ধরনের ঘটনার মুখোমুখি হয়েছে, তাদের মধ্যে এই অর্থ ভাগ করে দেওয়া হবে বলে জানা গেছে।

কাবায় শায়েখ সুদাইসের অশ্রুসিক্ত মোনাজাত: ‘হে আল্লাহ ফিলিস্তিনে আমাদের ভাইদের বিজয় দান করুন’



আপনজন ডেস্ক: বিভিন্ন রঙ ও জাতি এবং বিচিত্র ভাষা, কোনোকিছুই তাদেরকে মগ্ন করতে পরেনি। ইসলামের সৌন্দর্য সমস্ত মানুষকে এক করেছে। ২৭ রমজানের রাতে পবিত্র ভূমি মক্কার কাবা প্রাঙ্গণে জড়ো হন ২৫ লাখের বেশি মুসলিম। কানায় কানায় পূর্ণ হয়ে যায় কাবা প্রাঙ্গণ। মক্কা রূপ নেয় শুভ্র নগরীতে।

স্থানীয় মিডিয়াগুলো বরাত দিয়ে সিয়াসাত ডটকম জানিয়েছে, শুক্রবার (৫ এপ্রিল) ২৭ রমজানের রাতের পবিত্র কাবা শরিফে হাজির হন ২৫ লাখের বেশি মুসলিম। লাইলাতুল কদরের সন্ধানে কাবা প্রাঙ্গণে প্রার্থনায় সমবেত হন তারা।

বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে লাখ লাখ মুসলিম ওমরাহ পালন করতে, ইশা, তারাবিহ এবং কিয়াম আল লাইলের নামাজ আদায় করতে কাবা প্রাঙ্গণে জড়ো হন। এদিনের নামাজ কাবা শরিফের প্রধান ইমাম আবদুল রহমান আল-সুদাইসের নেতৃত্বে বিশেষ দোয়ার মাধ্যমে শেষ হয়।

সামাজিক মাধ্যমে প্রকাশিত ছবি ও ভিডিওতে দেখা যাচ্ছে, পবিত্র মসজিদুল হারাম প্রাঙ্গণ কানায় কানায় পূর্ণ। এই ভিড় কাবা প্রাঙ্গণ ছেড়ে মক্কার রাস্তায় পৌঁছে যায়। সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) জানিয়েছে, সৌদি কর্তৃপক্ষ ওমরাহ পালনকারীদের কার্যক্রম শান্তিপূর্ণভাবে করতে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা বাস্তবায়ন করেছে। কাবা শরিফ ও মসজিদে নববিতে তাওয়াফের জায়গা প্রসারিত করা হয়েছে। একাধিক ভাষায় অনুবাদ করা পবিত্র কোরআন বিতরণ করা হচ্ছে। এছাড়া বিশেষভাবে পরিচ্ছন্নতার দিকে নজর দেওয়া হচ্ছে।

শেখ সুদাইস দোয়া করেন, ‘হে আল্লাহ, ফিলিস্তিনে আমাদের ভাইদের বিজয় দান করুন এবং ইহুদি নিপীড়কদের দখল থেকে তাদের মুক্ত করুন। হে আল্লাহ, আল-আকসা মসজিদকে হানাদারদের আগ্রাসন থেকে রক্ষা করুন এবং মৃত্যুর আগে আমাদেরকে সেখানে প্রার্থনা করার তৌফিক দিন।’

লাখ লাখ মুসলিমের কান্নায় ভারী হয়ে ওঠে কাবার আকাশ। মহান সৃষ্টিকর্তার রহমতের প্রার্থণায় নিজেদের সপে দেন তারা।

ইসরায়েলের জেলে ফিলিস্তিনি লেখক ওয়ালিদ দাক্কার মৃত্যু

আপনজন ডেস্ক: ইসরায়েলে কারাবন্দী ফিলিস্তিনি লেখক ও অধিকারকর্মী ওয়ালিদ দাক্কা মারা গেছেন। তিনি ক্যানসারে ভুগছিলেন। ইসরায়েলের শামির মেডিকেল সেন্টারে তার মৃত্যু হয়। ১৯৮৬ সাল থেকে ইসরায়েলে কারাবন্দি ছিলেন তিনি।

প্যালেস্টিনিয়ান কমিশন অব ডিটেইনিস অ্যান্ড এক্স-ডিটেইনিস অ্যাফেয়ার্স। প্যালেস্টিনিয়ান কমিশন জানিয়েছে, ‘ধীরে ধীরে হত্যা’ করার নীতি প্রয়োগ করার কারণে দাক্কা মারা গেছেন।

এদিকে ইসরায়েলের কারাগারে দাক্কার মৃত্যু কীভাবে হলো, তা নিয়ে এক বিবৃতিতে প্রশ্ন তুলেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাস। সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে দেশটির জাতীয় নিরাপত্তাবিষয়ক মন্ত্রী ইতামার বেন গভির বেন গভির বলেন, স্বাভাবিক কারণেই দাক্কার মৃত্যু হয়েছে। এটি সন্ত্রাসীদের জন্য নির্ধারিত মৃত্যুদণ্ড প্রক্রিয়ার কোনো অংশ নয়। এমনটা হওয়ারই ছিল।

দীর্ঘদিন ইসরায়েলি কারাগারে বন্দী ছিলেন দাক্কা। ১৯৮৬ সালে এক ইসরায়েলি সেনাকে হত্যার দায়ে ইসরায়েল সরকার তাকে গ্রেপ্তার করে। এর পর থেকেই তিনি কারাবন্দি ছিলেন।

ঘরে ফিরছেন বাস্তুচ্যুত ফিলিস্তিনিরা, কান্নায় ভেঙে পড়েছেন অনেকেই

আপনজন ডেস্ক: প্রায় ছয় মাস ধরে অবরুদ্ধ ছিল ফিলিস্তিনের গাজা উপত্যকা। তবে নেতানিয়াহু প্রশাসনের ইসরায়েলি সেনা প্রত্যাহার করে নেওয়ার পর শহরটিতে ফিরতে শুরু করেছেন বাস্তুচ্যুত ফিলিস্তিনিরা। ধ্বংস হয়ে যাওয়া বাড়িঘরেই আশ্রয় নিচ্ছেন তারা। তবে যুদ্ধবিধ্বস্ত শহরের সার্বিক পরিস্থিতি দেখে কান্নায় ভেঙে পড়েছেন অনেকেই।

সোমবার (৮ এপ্রিল) এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা এএফপি ও কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা। এর আগে আন্তর্জাতিক চাপের মুখে রোববার (৭ এপ্রিল) দক্ষিণ গাজার খান ইউনিস শহর থেকে সেনা প্রত্যাহার করে নেওয়ার ঘোষণা দেয় নেতানিয়াহু প্রশাসন। রোববার ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) লেফটেন্যান্ট জেনারেল হার্জি হাভেলি এক সংবাদ সম্মেলনে জানান, সেনা সরিয়ে নেওয়া মানে অভিযান বন্ধ এমনটি বলার সুযোগ নেই। তবে গাজায় ইসরায়েলের উদ্দেশ্য পুরোপুরি সফল হয়েছে।

খান ইউনিসে ফিরে বার্তা সংস্থা এএফপিকে মাহা তাহের নামের তিন সন্তানের এক মা বলেন, চারদিকে লাশের গন্ধ পাচ্ছি। আমাদের শহর আর আগের মতো নেই। এখন এটি শুধুই ধ্বংসস্তূপ। রাস্তা দিয়ে যখন হেঁটে যাচ্ছিলাম, তখন আমি কান্না ধরে রাখতে পারছিলাম না।

তিনি বলেন, প্রতিটি বাড়িতে বুলডোজার চালানো হয়েছে। এমনকি, আমি মানুষজনকে মাটি খুঁড়ে মরদেহ বের করতেও দেখেছি। এ এক অসহনীয় পরিস্থিতি। গত ৭ অক্টোবরের আগে খান ইউনিসে চার লাখেরও বেশি মানুষ বসবাস করত। কয়েক মাসের ইসরাইলের লাগাতার বোমা হামলা ও হামাস সদস্যদের সঙ্গে লড়াইয়ে শহরটির অধিকাংশ স্থাপনা ধ্বংস হয়ে গেছে।

দীর্ঘদিন ধরেই গাজা উপত্যকাটির নিয়ন্ত্রক গোষ্ঠী হামাসকে নির্মুলের নামে পুরো গাজাজুড়ে বর্বর হামলা চালায় ইসরায়েলি বাহিনী। তবে তারা নিজেদের লক্ষ্যে সাফল্য পায়নি। বিন্দুমাত্র টলাতে পারেনি ফিলিস্তিনিদের মনোবল। গাজায় ইসরায়েলি হামলায় গত প্রায় ছয় মাসে এক লাখেরও বেশি মানুষ হতাহত হয়েছেন। জানা গেছে, ইসরায়েলের হামলায় প্রায় ৩৪ হাজার ফিলিস্তিনি নিহত হয়েছেন। আহত হয়েছেন প্রায় ৭৬ হাজার।

ছড়িয়ে-ছিটিয়ে

যুদ্ধক্ষেত্রে পরাজয়ের আশঙ্কা জেলেনস্কির

আপনজন ডেস্ক: মার্কিন সামরিক সহায়তার অভাবে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি রাশিয়ার জয়ের আশঙ্কা দেখছেন। তার মতে, মার্কিন কংগ্রেস সেই সহায়তা প্যাকেজ অনুমোদন না করলে রাশিয়া আরো জমি দখল করতে পারে। যুদ্ধক্ষেত্রে গোলাবারুদ ও অস্ত্রের অভাবে ইউক্রেন পরাজয়ের মুখ দেখতে পারে বলে মনে করছেন প্রেসিডেন্ট ভোলোদোমির জেলেনস্কি। রোববার তিনি বলেন, মার্কিন কংগ্রেসে সামরিক সহায়তার প্যাকেজ আটকে থাকায় রাশিয়ার পক্ষে আরো জমি দখল সহজ হয়ে উঠছে। এক ভিডিও বার্তায় তিনি নির্দিষ্টভাবে মার্কিন কংগ্রেসের কাছে সেই বার্তা পৌঁছে দেওয়ার আর্জি জানান। তার মতে, সেই সহায়তা ছাড়া ইউক্রেনের পক্ষে টিকে থাকা সহজ হবে না।

গত দুই বছরেরও বেশি সময় ধরে রাশিয়ার হামলা সত্ত্বেও ইউক্রেন প্রতিরোধ চালিয়ে যাচ্ছে। দেশটির প্রায় এক পঞ্চমাংশ দখল করতে সক্ষম হলেও রাশিয়া সাম্প্রতিককালে নতুন করে বেশি জমি দখল করতে পারেনি। কিন্তু এবার নিয়ন্ত্রণ রেখার কাছে চারসিভ ইয়ার নামের এলাকা সে দেশের হাতে চলে যেতে পারে বলে আশঙ্কা বাড়ছে। ইউক্রেনের সেনাবাহিনীর জন্য গুরুত্বপূর্ণ শহর ক্রামাটর্স্ক নামের শহরের ৩০ কিলোমিটারেরও কম দূরে অবস্থিত সেই এলাকা হাতছাড়া হলে ইউক্রেন কঠিন পরিস্থিতির মুখে পড়বে বলে ধরে নেয়া হচ্ছে। রাশিয়া সেই এলাকার উপর ক্রমাগত হামলা চালিয়ে যাচ্ছে বলে ইউক্রেনের সেনাবাহিনী জানিয়েছে। চারসিভ ইয়ারের বাইরে দুটি ছোট শহরের উপর সরাসরি হামলা চলছে। উত্তর পূর্বে খারকিভ শহরের উপরেও রাশিয়ার হামলা বাড়ছে। আকাশপথে হামলা প্রতিরোধ করার জন্য যথেষ্ট এয়ার ডিফেন্স সরঞ্জামের অভাবের কারণে এমন পরিস্থিতি সৃষ্টি হচ্ছে বলে ইউক্রেনের প্রেসিডেন্ট দাবি করেন। রাশিয়ার ভূখণ্ডের উপর ইউক্রেনের ড্রোন হামলা বেড়ে গেছে। রাশিয়া অবশ্য বেলগোরোদ ও ব্রিয়ানস্ক অঞ্চলে ১৫টি ড্রোন হামলা বানচাল করেছে বলে দাবি করেছে। বিচ্ছিন্ন হামলার মাধ্যমে ইউক্রেন কিছু সাফল্য পেলেও সার্বিকভাবে রাশিয়ার হামলার মাত্রা কমাতে সক্ষম হচ্ছে না। ইস্টারের বিরতির পর চলতি সপ্তাহে মার্কিন কংগ্রেসের অধিবেশন আবার শুরু হচ্ছে। সিনেটের অনুমোদন সত্ত্বেও নিম্ন কক্ষে এখনো ইউক্রেন, ইসরায়েল ও তাইওয়ানের জন্য সামরিক প্যাকেজ এখনো পেশ করা হয়নি।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৩.৫৯মি.
ইফতার: সন্ধ্যা ৫.৫৯ মি.



নামাজের সময় সূচি

ওয়াক্ত	শুরু	শেষ
ফজর	৩.৫৯	৫ .২২
যোহর	১১.৪৩	
আসর	৪.০৭	
মাগরিব	৫.৫৯	
এশা	৭.১০	
তাহাজ্জুদ	১১.০০	

চলতি মাসেই মুক্তি পাচ্ছেন ইমরান খান!

আপনজন ডেস্ক: চলতি মাসেই মুক্তি পেতে পারেন পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান। এমনটাই আশা করছেন তার দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফের (পিটিআই) নেতারা। দলটির সিনিয়র নেতা লতিফ খোসা এ বিষয়ে দৃঢ় আশাবাদ ব্যক্ত করেছেন। রোববার পাকিস্তানি সংবাদমাধ্যম জিও নিউজের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। ‘নয়া পাকিস্তান’ নামে সংবাদমাধ্যমটির একটি অনুষ্ঠানে লতিফ খোসা জোর দিয়ে বলেন, আমি এটি নিশ্চিত করে বলছি যে, পিটিআইয়ের প্রতিষ্ঠাতাকে এই এপ্রিলেই মুক্তি দেওয়া হবে।

তিউনিশিয়া উপকূলে নৌকা ডুবিতে ১৩ অভিবাসীর মৃত্যু



আপনজন ডেস্ক: ভূমধ্যসাগর পেরিয়ে ইতালি যাওয়ার পথে তিউনিশিয়া উপকূলের কাছে নৌকা ডুবে অন্তত ১৩ অভিবাসীর মৃত্যু হয়েছে। উপকূলীয় এলাকায় কয়েকটি পৃথক নৌকাডুবির ঘটনায় আরো ১ হাজার ৮৬৭ জনকে উদ্ধার করেছে দেশটির নিরাপত্তা বাহিনী। এছাড়া উপকূলীয় এলাকা থেকে ১৬টি লোহার নৌকা ও ৪৭টি সামুদ্রিক যান জব্দ করা হয়েছে। জানা গেছে, দেশটির কর্তৃপক্ষ মানবপাচারের ঘটনার সাথে জড়িত সন্দেহে ইতিমধ্যে ১৪ জনকে গ্রেফতার করেছে।

সম্প্রতি আবহাওয়া পরিস্থিতির উন্নতি হওয়ায় তিউনিসিয়া থেকে ইতালীয় উপকূলে অভিবাসীদের বহনকারী নৌকার সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে।

তিউনিশিয়ার সরকারি কর্মকর্তারা বলেছেন, ছোট ছোট নৌকায় চেপে হাজার হাজার অভিবাসী ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টা করছেন। এ সময় কয়েকটি নৌকা ডুবে যায়। এসব নৌকায় নারী-শিশুসহ অভিবাসনপ্রত্যাশীরা ছিলেন। প্রসঙ্গত, দারিদ্র্য ও সংঘাত থেকে পালিয়ে ইউরোপে উন্নত জীবনের আশায় আফ্রিকা, এশিয়া ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের হাজার হাজার মানুষ প্রায়ই ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টা করেন। বর্তমানে অভিবাসীদের ইউরোপে যাওয়ার অন্যতম প্রস্থান পয়েন্ট হয়ে উঠছে তিউনিশিয়া। দেশটি নজিরবিহীন অভিবাসন সংকটের মুখোমুখি হয়েছে।

কলেরা থেকে বাঁচতে যাত্রা, নৌকা ডুবে ৯০ জনের মৃত্যু

আপনজন ডেস্ক: মোজাম্বিকের নামপুলা প্রদেশে কলেরার প্রাদুর্ভাব থেকে বাঁচতে অন্য কোথাও পালিয়ে যাওয়ার সময় নৌকা ডুবে ৯০ জনেরও বেশি মানুষের মৃত্যু হয়েছে।

নামপুলা প্রদেশের কর্মকর্তারা জানিয়েছেন, নৌকাটিতে ১৩০ জন ছিলেন বলে ধারণা করা হচ্ছে। এর মধ্যে পাঁচজনকে উদ্ধার করা গেছে।

নামপুলার একজন মন্ত্রী জানিয়েছেন, অতিরিক্ত যাত্রী তোলার কারণে নৌকাটি ডুবে যায়। দেশটিতে দেখা দেওয়া কলেরার প্রাদুর্ভাব থেকে বাঁচতে নিহতরা অন্য কোথাও পালিয়ে যাচ্ছিলেন।

নিহতদের মধ্যে অনেক শিশু রয়েছে।

সোশ্যাল মিডিয়ায় একটি ভিডিওতে দেখা যায় একটি সৈকতে বেশ কজনের লাশ পড়ে আছে। তবে ওই ভিডিওর সত্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া যায়নি।

গত বছরের জানুয়ারি থেকে দক্ষিণ আফ্রিকার বিভিন্ন দেশে কলেরার প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এরমধ্যে নামপুলা প্রদেশ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে।

ইউনিসেফের হিসেবে, চলামন প্রাদুর্ভাব গত ২৫ বছরের মধ্যে সবচেয়ে খারাপ। ২০২৩ সালের অক্টোবর থেকে মোজাম্বিকে অন্তত ১৩ হাজার ৭০০ জন কলেরায় আক্রান্ত হয়েছে। এরমধ্যে ৩০ জন মারা গেছেন।

লেবানন সীমান্তে যুদ্ধের প্রস্তুতি বাড়িয়েছে ইসরায়েল



আপনজন ডেস্ক: লেবানন সীমান্তে সম্ভাব্য যুদ্ধের প্রস্তুতির আরেকটি ধাপ সম্পন্ন হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলি সেনাবাহিনী। ছয় মাস ধরে এই ফ্রন্টে ইরান সমর্থিত লেবাননের হিজবুল্লাহ গোষ্ঠীর সঙ্গে পাল্টাপাল্টি গোলাবর্ষণ চলছে। প্রতিরক্ষা থেকে আক্রমণে স্থানান্তরের প্রস্তুতি শিরোনামের এক বিবৃতিতে ইসরায়েলি সেনাবাহিনী বলেছে, ইসরায়েলের প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ)-এর বৃহত্তর সেনা সমাবেশের সরঞ্জামকেন্দ্রিক প্রস্তুতি পর্ব সম্পন্ন হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে, নিয়মিত ও রিজার্ভ ইউনিটের সেনারা যেকোনও ডাকে কয়েক ঘণ্টার মধ্যে সাড়া ও সজ্জিত হতে এবং প্রতিরক্ষা ও আক্রমণ অভিযানে সম্মুখভাগে মোতায়েনে প্রস্তুত থাকবে। ৮ অক্টোবর থেকে লেবাননের দক্ষিণ সীমান্তে ইসরায়েলের সঙ্গে গোলা বিনিময় করে আসছে হিজবুল্লাহ গোষ্ঠী। গাজায় হামাসের বিরুদ্ধে ইসরায়েলের যুদ্ধের প্রতিবাদে ও ফিলিস্তিনিদের প্রতি সমর্থন জানিয়েছে ইসরায়েলি ভূখণ্ডে নিয়মিত রকেট হামলা চালাচ্ছে গোষ্ঠীটি। ইসরায়েলও লেবাননে গোষ্ঠীটির অবস্থানে পাল্টা হামলা চালিয়ে আসছে। এর আগে রোববার ইসরায়েলি সেনাবাহিনী বলেছিল, তারা লেবাননের পূর্বাঞ্চলে বিমান হামলা চালিয়েছে। এই হামলায় হিজবুল্লাহ গোষ্ঠীর স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে। ইরান সমর্থিত গোষ্ঠীটি একটি ইসরায়েলি ড্রোন ভূপাতিত করার দাবির পর এই হামলা চালানো হলো।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৯৮ সংখ্যা, ২৬ চৈত্র ১৪৩০, ২৯ রমজান, ১৪৪৫ হিজরি

পরিবেশের সুস্থতা

বিংশ শতাব্দীর শেষার্ধ এবং এই শতকের একেবারে শুরু হইতে দক্ষিণ গোলার্ধের হিমবাহগুলি ক্রমবর্ধমান হারে গলিতে শুরু করে। বিশেষত, গত দশকের মাঝামাঝি হইতে এই গতি ব্যাপকভাবে বৃদ্ধি পাইতেছে। হিমশীতল অ্যান্টার্কটিকা মহাদেশের এহেন পরিবর্তন গভীর চিন্তা ও উদ্বেগের বিষয় বটে। এই প্রবণতা উদ্বেগজনক হইবেই-বা না কেন? পৃথিবীর দক্ষিণ মেরুর তাপমাত্রার অস্বাভাবিক বৃদ্ধি সমগ্র বিশ্বের জন্যই বড় ধরনের হুমকিস্বরূপ। দক্ষিণ মেরুর বরফঢাকা পূর্বাঞ্চলের মালভূমিতে অবস্থিত কনকর্ডিয়া গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীরা জানাইয়াছেন, ২০২২ সালের ১৮ মার্চ এই অঞ্চলের তাপমাত্রা মৌসুমি গড় তাপমাত্রার চাইতে ৩৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস বাড়িয়া যায়, যাহা বিশ্ব রেকর্ড। বিষয়টি এক কথায় মাথা ঘুরাইয়া দেওয়ার মতো। কারণ, দক্ষিণ মেরুর তাপমাত্রায় একবারে এত বড় লাফ ইহার পূর্বে কখনোই দেখা যায় নাই। শূন্য অঙ্কের নিচে থাকা তাপমাত্রায় এত বড় পরিবর্তন অসহনীয়। সাউথ পোলের এই জলবায়ু পরিবর্তন বিজ্ঞানীদের ভাবাইয়া তুলিতেছে। খোদ আবহাওয়া বিজ্ঞানীরা বলিতেছেন, 'বিশ্বের সবচাইতে হিমশীতল জায়গার তাপমাত্রায় এমন লাফকে বর্ণনা করার ভাষা আমাদের জানা নাই। আমাদের কেউ ভাবেন নাই যে, এই রকম কিছু ঘটিতে পারে। দক্ষিণ মেরুর এই তাপমাত্রা সাধারণ সীমার বাহিরের বিষয় এবং ইহা যথেষ্ট উদ্বেগেরও বিষয়।'

শীতলতম মহাদেশে তাপমাত্রার এমন বিশাল বৃদ্ধি কোনো বিচ্ছিন্ন ঘটনা নহে। গত দুই বছর ধরিয়াই অ্যান্টার্কটিকার আবহাওয়ায় উদ্বেগজনক অসংগতি লক্ষ করা যাইতেছে। বিশেষ করিয়া পশ্চিম অ্যান্টার্কটিকে শতাব্দীরও অধিক সময় ধরিয়া জমিয়া থাকা বরফের চাই ও হিমবাহগুলি ক্রমবর্ধমান হারে গলিতে শুরু করিয়াছে। ইহার ফলে মহাদেশটির চারিপাশে সমুদ্রপৃষ্ঠের উচ্চতাও বাড়িতেছে ক্রমশ। দক্ষিণ গোলার্ধে জলবায়ুর এই অভাবনীয় পরিবর্তন কীসের বার্তা? বস্তুত ইহা এই আশঙ্কার ইঙ্গিত দেয় যে, মানুষের বোকামির জন্য অ্যান্টার্কটিকা পর্যন্ত বদলাইয়া যাইতেছে। বায়ুমণ্ডলে অতিরিক্ত কার্বন ডাই-অক্সাইডের প্রভাব এই মহাদেশেও খুব বাজেভাবে পড়িতেছে এবং অ্যান্টার্কটিকার এহেন পরিবর্তন পুরা মানবসভ্যতার জন্য মহাবিপদ ডাকিয়া আনিবে নিশ্চিতভাবে। অ্যান্টার্কটিকার বাস্তুতন্ত্র তো বটেই বিশ্বব্যাপী জলবায়ু ব্যবস্থায় ভয়াবহ প্রভাব ফেলিবে। বিশ্বকে এখন এমন কিছুর সহিত লড়াই করিবার জন্য প্রস্তুতি লইতে হইতে পারে, যাহা সম্পূর্ণ নজিরবিহীন। অ্যান্টার্কটিকার আবহাওয়া বিগড়াইয়া যাওয়ার অর্থ হইল, তামাম দুনিয়ায় তাহার উদ্বেগজনক প্রভাব অনুভূত হওয়া। বিশেষভাবে লক্ষণীয়, জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের ভিতর দিয়া যাইতেছে দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলি। প্রচণ্ড দাবদাহ ও খরা পরিস্থিতিতে ইতিমধ্যে বেসামাল হইয়া উঠিয়াছে এই অঞ্চলের জনজীবন। প্রচণ্ড দাবদাহের কারণে অনেক দেশে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখা হইতেছে। দীর্ঘ খরার অভিঘাত লক্ষ করা যাইতেছে কৃষিপণ্য উত্পাদনের ক্ষেত্রেও। মাসের পর মাস বৃষ্টি না হওয়ায় ফসল উত্পাদন ব্যাহত হইতেছে বিভিন্ন দেশে। উপরন্তু উপকূলীয় এলাকায় পানির তাপমাত্রা এতটাই বাড়িয়া যাইতেছে যে, প্রবাল প্রাচীর ধ্বংস হওয়ার আশঙ্কা করিতেছেন বিজ্ঞানীরা। ইহা নিঃসন্দেহে 'ঐতিহাসিক দাবদাহ'। এমনটা যে ঘটিবে, সেই হুঁশিয়ারি গত দুই দশক ধরিয়াই দিয়া আসিতেছিলেন পরিবেশবিদরা; কিন্তু জলবায়ু পরিবর্তন ঠেকাইতে তেমন কোনো কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। জলবায়ু বিষয়ক আন্তর্জাতিক বিশেষজ্ঞদের ভাষ্য, ১৯৭০ হইতে ২০২০—এই ৫০ বত্সরে বিশ্বের তাপমাত্রা যেই গতিতে বৃদ্ধি পাইতেছে, বিগত ২ হাজার বত্সরেও এত দ্রুত হারে তাপমাত্রা বৃদ্ধির ঘটনা ঘটে নাই। অথচ জলবায়ুর প্রভাব মোকাবিলায় বিশ্ব সম্প্রদায় যেন নির্বিকার! আবহাওয়ার চরিত্র বদলে যাওয়ার কারণে দেশে দেশে একটার পর একটা বৃহত্ দুর্যোগ আঘাত হানিতেছে। জলবায়ু সম্পর্কিত ও জিওফিজিক্যাল বিপর্যয়ে ক্ষয়ক্ষতি ও প্রাণহানি বাড়িতেছে। বাড়িতেছে বাস্তুচ্যুতির ঘটনা। আজিকার দিনে আমরা যেই সকল জটিল রোগব্যাধি, মহামারির বিস্তার লক্ষ করিয়া থাকি, তাহাও বিরূপ আবহাওয়ার বিষফল। এই অবস্থায় বৈশ্বিক উষ্ণতা রোধে জরুরি ভিত্তিতে কার্যকর ও টিকসই ব্যবস্থা গ্রহণ করা না হইলে, পরিবেশকে দখল-দূষণমুক্ত করা না গেলে দাবদাহের কবলে নিপতিত হইয়া বিশ্ব পুড়িবে, মরিবে মানুষ। সুতরাং নিজেরা সুস্থভাবে বাঁচিবার স্বার্থেই ব্যক্তি পর্যায় হইতে শুরু করিয়া জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে পরিবেশের সুস্থতা নিশ্চিতে সকলকে সোচ্চার হইতে হইবে।

• • • • • • • • • • • • •

ইরানের হামলা মোকাবিলার জন্য প্রস্তুত ইসরাইল ও যুক্তরাষ্ট্র

গত সপ্তাহের সোমবার সিরিয়ার দামেস্কতে ইসরাইলি হামলায় ইরানের কয়েক জন শীর্ষ সামরিক কমান্ডার নিহত হন। এই হামলার প্রতিক্রিয়া হিসেবে ইরান চলতি সপ্তাহেই ঐ অঞ্চলে মার্কিন ও ইসরাইলি সম্পদের ওপর আক্রমণ করতে পারে বলে ধারণা করা হচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে উচ্চ সতর্কতার সঙ্গে সব ধরনের প্রস্তুতি নিচ্ছে ইসরাইল ও মার্কিন যুক্তরাষ্ট্র। লিখেছেন **দ্য ইকোনমিস্ট**।

কে গত সপ্তাহের সোমবার সিরিয়ার দামেস্কতে ইসরাইলি হামলায় ইরানের কয়েক জন শীর্ষ সামরিক কমান্ডার নিহত হন। এই হামলার প্রতিক্রিয়া হিসেবে ইরান চলতি সপ্তাহেই ঐ অঞ্চলে মার্কিন ও ইসরাইলি সম্পদের ওপর আক্রমণ করতে পারে বলে ধারণা করা হচ্ছে। এরই পরিপ্রেক্ষিতে উচ্চ সতর্কতার সঙ্গে সব ধরনের প্রস্তুতি নিচ্ছে ইসরাইল ও মার্কিন যুক্তরাষ্ট্র। উর্ধ্বতন মার্কিন কর্মকর্তারা ধারণা করছেন ইরান ইতিমধ্যেই আক্রমণে প্রস্তুত। এ ব্যাপারে ইসরাইলি কর্মকর্তারাও একই মত পোষণ করেছেন। আসন্ন আক্রমণকে কীভাবে মোকাবিলা করা যায়—তা নিয়ে দুই দেশের সরকার একসঙ্গে কাজ করছেন। আশঙ্কা করা হচ্ছে, ইরান খুব দ্রুত ইসরাইল ও মার্কিন যুক্তরাষ্ট্রের সম্পদ ও সামরিক বাহিনীর ওপর আক্রমণ করবে।

গত বৃহস্পতিবার ইসরাইলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সঙ্গে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন টেলিফোনে লম্বা সময় ধরে আসন্ন ইরানি হামলা সম্পর্কে আলোচনা করেন। এক মার্কিন কর্মকর্তা বলেছেন, 'ঠিক কখন ও কীভাবে ইরান পালটা হামলা চালানোর পরিকল্পনা করেছে, তা এখনো নিশ্চিতভাবে জানা যায়নি।' বাইডেন প্রশাসন মনে করছে, ইরান কর্তৃক ইসরাইলের ওপর সরাসরি হামলা ভয়াবহ পরিস্থিতির জন্ম দেবে। কারণ এর ফলে মধ্যপ্রাচ্যে চলমান অবস্থা আরো মারাত্মক রূপ ধারণ করবে। এই মুহূর্তে ইরানের আক্রমণ ইসরাইল ও হামাসের মধ্যে চলমান যুদ্ধকে বৃহত্তর ও আঞ্চলিক সংঘাতে পরিণত করতে পারে—যা বাইডেন দীর্ঘদিন ধরে এড়াতে চেয়েছিলেন। ইরানি প্রক্সিরা ইরাক ও সিরিয়ায় মার্কিন স্থাপনা লক্ষ্য করে ড্রোন, রকেট ও ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের পর গত দুই মাস ধরে সেখানে কিছুটা স্থিতিশীল পরিবেশ বিরাজ করছে। কিন্তু সোমবার দামেস্কতে ইরানি দূতাবাসে ইসরাইলি হামলার এক দিন পর মঙ্গলবার ইরানি প্রক্সি আল-তানফ গ্যারিসনের কাছে ড্রোন হামলা চালায়। যদিও কিছু সময়ের মধ্যেই মার্কিন সামরিক বাহিনী কর্তৃক ড্রোনটি নিয়ন্ত্রণে আনা হয়। কিন্তু পরিস্থিতি এরপর থেকে আবার অস্বাভাবিক হয়ে ওঠে।

ঐদিন এক মার্কিন প্রতিরক্ষা কর্মকর্তা বলেন, 'যদিও ইরানি প্রক্সিদের ড্রোনটির লক্ষ্যবস্তু আল-তানফ ছিল না। কিন্তু তাত্ক্ষণিকভাবে লক্ষ্য নির্ধারণ করতে না পারায় ও মার্কিন সামরিক কর্মকর্তাদের নিরাপত্তার প্রতি হুমকি সৃষ্টি করায় ড্রোনটিকে গুলি করে নামানো হয়েছিল।' সোমবার দামেস্কতে ইরানি দূতাবাসে ইসরাইলি বিমান হামলার পরদিন এই ঘটনাটি ঘটে।

ইসরাইলের প্রতিরক্ষা বাহিনীর একজন মুখপাত্র বলেছেন, 'তাদের গোয়েন্দা সংস্থা জানিয়েছে যে ঐ ভবনটি কনস্যুলেট নয়, বরং এটা একটা বেসামরিক ভবনের ছদ্মবেশে থাকা কুদস বাহিনীর একটা সামরিক কার্যালয়।'

ইরানের শক্তিশালী প্রক্সি লেবাননের হিজবুল্লাহর উদ্দেশ্যে ইসরাইল সিরিয়ায় ইরান-সমর্থিত লক্ষ্যবস্তুতে অসংখ্য হামলা চালিয়েছে। কিন্তু একটা দূতাবাসকে লক্ষ্য করে হামলার ঘটনা এই প্রথম। যেহেতু দূতাবাসগুলো তাদের সার্বভৌম দেশকে প্রতিনিধিত্ব করে, তাই এমন ঘটনার গুরুত্ব যথেষ্ট।

সিরিয়ায় ইরানের দূতাবাস কমপ্লেক্সে ইসরাইলের বিমান হামলায় অন্তত সাত জন ইরানি কর্মকর্তা নিহত হন। এই ঘটনার প্রেক্ষিতে ইরান প্রতিশোধ নেওয়ার প্রতিশ্রুতি গ্রহণ করেছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ইরানের এলিট রেভোলুশনারি গার্ডের (আইআরজিসি) শীর্ষ কমান্ডার মোহাম্মদ রেজা জাহেদি এবং সিনিয়র কমান্ডার মোহাম্মদ হাদি হাজি রাহিমিও নিহত হয়েছেন। অন্তত ছয় জন সিরিয়ান নাগরিকও নিহত হয়েছেন বলে

> ঐদিন এক মার্কিন প্রতিরক্ষা কর্মকর্তা বলেন, 'যদিও ইরানি প্রক্সিদের ড্রোনটির লক্ষ্যবস্তু আল-তানফ ছিল না। কিন্তু তাত্ক্ষণিকভাবে লক্ষ্য নির্ধারণ করতে না পারায় ও মার্কিন সামরিক কর্মকর্তাদের নিরাপত্তার প্রতি হুমকি সৃষ্টি করায় ড্রোনটিকে গুলি করে নামানো হয়েছিল।' সোমবার দামেস্কতে ইরানি দূতাবাসে ইসরাইলি বিমান হামলার পরদিন এই ঘটনাটি ঘটে।

মঙ্গলবার ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন জানিয়েছে। আইআরজিসির স্থলবাহিনীর কমান্ডার জাহেদি, বিমানবাহিনীর সাবেক কমান্ডার এবং এর অপারেশনের ডেপুটি কমান্ডারের নিহতের ঘটনা ২০২০ সালে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে বাগদাদে আইআরজিসি জেনারেল কাসেম সোলেইমানিকে হত্যার পর থেকে সবচেয়ে হাই-প্রোফাইল কেস।

মার্কিন যুক্তরাষ্ট্র এই ঘটনা ঘটার সঙ্গে সঙ্গে ইরানকে জানিয়েছিল যে, বাইডেন প্রশাসন জড়িত ছিল না এবং দূতাবাসে সোমবারের স্ট্রাইকের কোনো আগাম বার্তাও তাদের কাছে ছিল না। ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের একজন মুখপাত্রও একই কথা জানান। তিনি বলেন, 'এই হামলার সঙ্গে যুক্তরাষ্ট্রের কোনো সম্পৃক্ততা ছিল না এবং আমরা আগে থেকে এটা সম্পর্কে জানতামও না।'

মার্কিন পররাষ্ট্র দপ্তরের এক জন মুখপাত্র শুক্রবার বলেছেন, 'যুক্তরাষ্ট্র ইরানকে সতর্ক করেছিল যে, দামেস্কতে ইসরাইলি হামলাকে মার্কিন কর্মীদের এবং মার্কিন লক্ষ্যবস্তুতে হামলার অজুহাত হিসেবে যেন ব্যবহার না করা হয়।' ইরানের প্রতিশোধমূলক এক বার্তার জবাবে এই সতর্কবার্তা পাঠানো হয়েছে বলে তিনি জানিয়েছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের ধারণা অনুযায়ী ইরানের বার্তা দামেস্ক হামলার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে দায়ী করছে। বাইডেন প্রশাসনের একজন সিনিয়র কর্মকর্তা বলেছেন, যদিও এটা স্পষ্ট নয়, তবে ইরানের সেই প্রাথমিক বার্তায় মার্কিন যুক্তরাষ্ট্রকে দায়ী করা হয়েছে বলেই মনে হয়েছে।

ইরানের প্রেসিডেন্টের ডেপুটি চিফ অফ স্টাফ মোহাম্মদ জামশিদি গত শুক্রবার বলেছিলেন যে, 'লিখিত বার্তার মাধ্যমে ইসলামি প্রজাতন্ত্র ইরান মার্কিন নেতৃত্বকে সতর্ক করে যে মার্কিন যুক্তরাষ্ট্র যেন নেতানিয়াহুর ফাঁদে পা না দেয়। আপনারা জড়িত না থাকলে ভয়ের কোনো কারণ নেই।' তিনি আরো বলেন, যুক্তরাষ্ট্র যেন ইরানের স্থাপনাগুলোতে কোনো আক্রমণ করে।

জামশিদির বার্তা সম্পর্কে জানতে চাওয়া হলে স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র বলেন, 'ইরান যেমন প্রকাশ্যে উল্লেখ করেছে, আমরা তাদের কাছ থেকে একটা বার্তা পেয়েছি। আমরা ইরানকে স্পষ্টভাবে সতর্ক করে দিয়েছিলাম যে এই ঘটনাকে মার্কিন সেনা এবং স্থাপনাগুলোতে আক্রমণ করার অজুহাত হিসেবে যেন ব্যবহার না করা হয়।'

বাইডেন প্রশাসনের একজন সিনিয়র কর্মকর্তা ইরানের প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রের সতর্কতাকে এভাবে বর্ণনা করেছেন, 'আমাদের পেছনে লাগবেন না, এর পরিণতি ভয়ংকর হতে পারে।' কিন্তু মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ইরানকে ঠিক কীভাবে এই বার্তা পৌঁছে দিয়েছিল সে সম্পর্কে কোনো তথ্য দেননি।

মার্কিন যুক্তরাষ্ট্র বিদেশে তার নিজস্ব দূতাবাস এবং কনস্যুলেটগুলোর পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্রে বিদেশি দূতাবাস এবং কনস্যুলেটগুলোকে বিশেষ মর্যাদা দিয়ে থাকে। মার্কিন স্টেট ডিপার্টমেন্টের মতে, 'একটা দেশের দূতাবাসে হামলা করা সরাসরি ঐ দেশকে আক্রমণ করার সমান।'

দামেস্কতে আক্রমণের পরের দিন পেন্টাগনের ডেপুটি প্রেস সেক্রেটারি সাবরিনা সিং বলেন, 'যুক্তরাষ্ট্র খতিয়ে দেখছে এই বিমান হামলা আসলেই ইসরাইল চালিয়েছে কি না।' তিনি আরো বলেন, 'পুরোপুরি নিশ্চিত না হওয়া পর্যন্ত আমরা এখনই কোনো দেশকে দোষারোপ করতে পারি না।'

গত বছর ৭ অক্টোবর ইসরাইলে ইরানসমর্থিত ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাসের হামলার মাধ্যমে প্রায় ১,২০০ ইসরাইলি নিহত ও ২০০ জনেরও বেশি জিম্মি হওয়ার পর ইরান ও তার আঞ্চলিক প্রক্সিদের বিরুদ্ধে ইসরাইল তাদের সামরিক অভিযান জোরদার করে। এরপর থেকে ইসরাইল গাজায় ব্যাপক ধ্বংসযজ্ঞ চালায়। এখন পর্যন্ত ইসরাইলি আগ্রাসন ৩২ হাজার ৮০০ জনেরও বেশি বেসামরিক লোককে হত্যা করেছে এবং ১০ লাখেরও বেশি মানুষকে মানবসৃষ্ট দুর্ভিক্ষের দ্বারপ্রান্তে নিয়ে এসেছে।

লেখকদ্বয় :সিএনএনের হোয়াইট হাউজ করেসপনডেন্ট

সিএনএন থেকে অনুবাদ

ইয়োসি মেকেলবার্গ

ইরানকে কেন যুদ্ধের প্ররোচনা দিচ্ছে ইসরায়েল?

লেবাননে অথবা সিরিয়ায় কিংবা অন্য কোথাও ইসরায়েল যে বিমান হামলা চালাচ্ছে, সেটা মোটেই বিস্ময়কর ঘটনা নয়। এ ধরনের হামলাকে ইসরায়েলের সেনাবাহিনী 'যুদ্ধগুলোর মাঝের অভিযান' বলে মনে করে। ইসরায়েল মনে করে, আঞ্চলিক আধিপত্য প্রতিষ্ঠায় ইরানের যে আকাঙ্ক্ষা, সেটা ঠেকাতেই এই অভিযান।

বেশির ভাগ ক্ষেত্রে এসব বিমান হামলা সরাসরি ইরান অথবা মধ্যপ্রাচ্যজুড়ে থাকা দেশটির প্রক্সিদের উদ্দেশ্য চালানো হয়। বিশেষ করে লেবাননে হিজবুল্লাহর ওপর। এ ধরনের হামলা দশকের পর দশক ধরে ইসরায়েল চালিয়ে আসছে। কিন্তু গত সোমবার ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) জ্যেষ্ঠ কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা জাহেদির হত্যাকাণ্ডের ঘটনাটি, গাজা যুদ্ধের কারণে নাজুক ও সংকটাপন্ন হয়ে ওঠা আঞ্চলিক অস্থিতিশীলতার পালে নতুন উত্তেজনার রসদ তৈরি করল। ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ রেজা জাহেদি ছিলেন কুদস ফোর্সের সিরিয়া ও লেবাননের কমান্ডার।

এ হত্যাকাণ্ডে তেহরান যে তাৎক্ষণিকভাবে সময়, সুযোগ ও পছন্দ অনুযায়ী প্রতিশোধে নেওয়ার ঘোষণা দেবে, সেটাও বিস্ময়কর কোনো ব্যাপার নয়। কিন্তু এ ঘটনা ইসরায়েল ও ইরানকে একটা সরাসরি সংঘাতের মুখোমুখি দাঁড় করিয়ে দিয়েছে। মধ্যপ্রাচ্যে একটা বড় যুদ্ধ ছড়িয়ে পড়ার বড় ঝুঁকি তৈরি হয়েছে।

'যুদ্ধগুলোর মাঝের অভিযান'—এ ধারণার মানে হচ্ছে স্বল্প মাত্রার, সমন্বিত ও প্রতিপক্ষকে আগে থেকেই ঘায়েল করার যুদ্ধ। এ যুদ্ধের উদ্দেশ্য হলো, ইরান ও প্রক্সিদের ব্যতিব্যস্ত রাখা এবং স্থায়ীভাবে তাদের প্রতিরক্ষামূলক অবস্থানে আটকে রাখা। কিন্তু গত ছয় মাসে পরিস্থিতি মৌলিকভাবে বদলে গেছে। পরিস্থিতি এখন এমন যে আগের হিসাব-নিকাশ বদলে গিয়ে যেকোনো মুহূর্তে সত্যিকারের বিপদ এসে হাজির হতে পারে। সর্বাত্মক সংঘাতের একটা সত্যিকারের সম্ভাবনা তৈরি হয়েছে। এ ধরনের কোনো সংঘাত পুরো মধ্যপ্রাচ্যকে যুদ্ধ ও বিশৃঙ্খলার মধ্যে টেনে নিয়ে যাবে।



কমান্ডার জাহেদি ও দামেস্কে ইরানের কনস্যুলেটে হামলার ঘটনা অতীতের হামলাগুলোর থেকে ভিন্ন। এর প্রভাবও ভিন্ন। এ হামলা থেকে মনে হচ্ছে যে ইসরায়েল ইরান ও লেবাননের প্রক্সি হিজবুল্লাহকে ঠেকাতে বড় একটা বাজি ধরল। হিজবুল্লাহ সঙ্গে বৈরিতার একেবারে শেষ প্রান্তে যাওয়ার এবং ইরানের সঙ্গে সম্ভাব্য সরাসরি সংঘাতে জড়ানোর ঝুঁকি নিতে ইসরায়েল যে প্রস্তুত, সেই ইঙ্গিত এ হামলা থেকে মিলল। অন্যদিকে ইসরায়েল একেবারে স্পষ্টভাবে তেহরানকে প্ররোচিত করল, এই আশায় যে এতে হিজবুল্লাহ ক্ষিপ্ত হয়ে তেল আবিবের ওপর প্রতিশোধ নেবে। তাহলে লেবাননে সশস্ত্র গোষ্ঠীটির ওপর বড় ধরনের হামলার অজুহাত তৈরি হবে। ইসরায়েলের অনেক রাজনীতিবিদ ও সামরিক কমান্ডার যেমনটা বলে আসছেন, গাজার হামাসের চেয়ে হিজবুল্লাহ তাদের ওপর বেশি অস্তিত্বগত হুমকি তৈরি করছে।

দামেস্কে ইরানের কূটনৈতিক ভবনে ইসরায়েলের সরাসরি হামলা আইনগতভাবেই ইরানের সার্বভৌমত্বের ওপর সরাসরি আঘাত। এ ছাড়া কাসেম সোলাইমানির পর জাহেদির এই হত্যাকাণ্ড ইরানের সর্বোচ্চ পদাধিকারী কোনো সামরিক কর্মকর্তার মৃত্যু। ফলে এই হত্যাকাণ্ডে পরিস্থিতি নাগালের বাইরে চলে যাওয়ার ভীতি সৃষ্টি হয়েছে।

এ হামলার প্রতিক্রিয়ায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি প্রতিশোধ নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি ঘোষণা দিয়েছেন, 'জায়নবাদী শয়তানেরা অবশ্যই আমাদের বীর সন্তানদের হাতে শায়েস্তা হবে। এই অপরাধে আমরা তাদের অনুতাপ করতে বাধ্য করব।'

জাহেদিকে হারানোয় সিরিয়া ও লেবাননে সামরিক কর্মকাণ্ড পরিচালনায় ক্ষতিগ্রস্ত হবে ইরান। শুধু তা-ই নয়, এটা ইরানিদের সম্মানের বিষয়। ইরান কি আবারও তাদের সম্মানটা থুতু গিলে নেওয়ার মতো করে সহ্য করে নিয়ে ইসরায়েল এবং যুক্তরাষ্ট্রের সঙ্গে সরাসরি সংঘাত এড়াবে কি না, সেটা এখন দেখার ব্যাপার। কিন্তু ইরান সরকারের মধ্যেই অতিসত্বর ও কঠোর প্রতিশোধ নেওয়ার আওয়াজ উঠছে।

এটাও স্পষ্ট যে ওয়াশিংটন এখন ইসরায়েলের সামরিক অভিযানের বিষয়ে দূরত্ব বজায় রাখছে। যুক্তরাষ্ট্রভিত্তিক সংবাদভিত্তিক ওয়েবসাইট অ্যাক্সিওস অনুযায়ী, ওয়াশিংটন ইরানকে বলছে, 'সিরিয়ায় কূটনৈতিক এলাকায় ইসরায়েলের হামলার ঘটনার ব্যাপারে তাদের কোনো সম্পৃক্ততা নেই। এ হামলার সম্পর্কে আগাম কিছু জানতেন না তাঁরা।' এটা পরিষ্কার যে অন্তত এ ঘটনার ক্ষেত্রে উত্তেজনা যেন না বাড়ে, যুক্তরাষ্ট্র সেই প্রচেষ্টা চালাচ্ছে। ইসরায়েল যে বখে গেছে, যুক্তরাষ্ট্র তাদের বক্তব্যে সেটা বোঝাতে চাইছে।

দামেস্কের ইরানের কনস্যুলেটে ইসরায়েলের এই হামলা প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর ওপর বাইডেন প্রশাসন যে আরও প্রভাব হারিয়েছে, তার দৃষ্টান্ত। এ হামলা বাইডেন প্রশাসনে কেবল ক্ষোভের জন্ম দিতে পারে। এ হামলায় শুধু তেহরানকে ধৈর্যের পরীক্ষায় ফেলা হলো না, ইসরায়েল তার সবচেয়ে ঘনিষ্ঠ মিত্রকেও ধৈর্যের পরীক্ষায় ফেলল। গাজা যুদ্ধকে কেন্দ্র করে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের সম্পর্ক ব্যাপক টানাপোড়েনের মধ্য দিয়ে যাচ্ছে। যুদ্ধবিরতির আহ্বান নাকচ করে এবং গাজায় আরও মানবিক ও ত্রাণ কার্যক্রম ঠেকিয়ে দিয়ে এ পরিস্থিতি তৈরি করেছে ইসরায়েল। গাজা যুদ্ধে ইসরায়েল কাদাপানিতে আটকা পড়েছে, প্রায় সবটা আন্তর্জাতিক সমর্থন হারিয়ে ফেলেছে। এ পরিস্থিতিতে দামেস্কে হামলা চালিয়ে তারা কী অর্জন করতে চেষ্টা করছে, তার মর্ম উদ্ধার করা বিস্ময়কর একটা ব্যাপার হবে। ইসরায়েল ক্রমাগতভাবে এমন একটা সংঘাতে জড়িয়ে পড়ছে, যা থেকে বেরিয়ে আসার কোনো পথ নেই। এই সংঘাতে ইসরায়েলের স্বার্থ যেমন উদ্ধার হচ্ছে না, মিত্রদের কারোর স্বার্থও উদ্ধার হচ্ছে না। যুদ্ধ প্রলম্বিত করে কেবল নেতানিয়াহুর ক্ষমতায় (যদিও তার সম্ভাবনা ক্ষীণ) থাকার অজুহাত তৈরি হচ্ছে। আঞ্চলিক আধিপত্য প্রতিষ্ঠায় ইরানের আকাঙ্ক্ষা আঞ্চলিক অস্থিতিশীলতার জন্ম দিচ্ছে। ইরানের সমর্থনে হামাস ও হিজবুল্লাহ ইসরায়েলের ওপর হুমকিও তৈরি করছে। কিন্তু সামরিক পথে ইসরায়েলের পক্ষে এই হুমকি অপসারণ করা যে সম্ভব নয়, গাজা যুদ্ধ তার প্রমাণ।

ইয়োসি মেকেলবার্গ, আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক, থিঙ্কট্যাংক চ্যাটাম হাউসের মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকা কর্মসূচির অ্যাসোসিয়েট ফেলো

আরব নিউজ থেকে নেওয়া,

প্রথম নজর

পরিযায়ী পাখি, জীবজন্তু নিয়ে সক্রিয় জাতীয় শিক্ষক সুভাষ ও অর্ণব

বিশেষ প্রতিবেদক ● মালদা

আপনজন: বর্ধমান শহর ও তার পার্শ্ববর্তী এলাকা জুড়ে শীত পড়তে পড়তেই দামোদর নদী ,বাঁকা সাইফোন ও কাঞ্চননগর এর কিছু এলাকায় পরিযায়ী পাখিরা আস্তে শুরু করে,কিন্তু ২০১৫ সাল থেকে হঠাৎই পাখিরা বর্ধমান শহর থেকে মুখ ঘুরাতে থাকে,প্রায় তখন থেকেই এই পরিযায়ী পাখির উপর কাজ করে চলেছেন কাঞ্চননগর ডি এন দাস স্কুলের প্রধান শিক্ষক তথা জাতীয় শিক্ষক সুভাষ চন্দ্র দত্ত ও পরিবেশ প্রেমী অর্ণব দাস। তারা দেখেন পাখিদের মুখ ঘুরিয়ে নেয়ার সবথকে বড় কারন পাখি দের উপর নির্যাতন ও প্রচন্ড পরিমাণে শিকার ।দুই ব্যক্তি সচেতনতা মূলক প্রচার করে ২০১৯ সাল থেকে দেখা যায় পাখিরা আস্তে আস্তে আবার আসা শুরু করে এবং প্রচুর পরিমাণে । কিন্তু এরপরই আবারো পাখি দের উপর অত্যাচার শুরু হয়,,মাইক ও গ্রাসলান্ড এ আগুন ধরিয়ে দেওয়া হয় , ঠিক এর পর থেকেই পাখি গুলি এলাকা পরিবর্তন করে আমিরপুর,বরশুল ছেড়ে ইদিলপুর ও মানা তে থাকতে শুরু করে ।ওই এলাকার সাথে সাথে তারা খাদ্যাভ্যাস ও পরিবর্তন করে।শুধু মাত্র সচেতনতার জন্য পরিবেশের এই পাখিরা কাঞ্চননগর ও তার পার্শ্ববতী এলাকা বাসস্থান শুরু করেন।

তার ফলাফল হিসেবে এবার ইদিলপুর ও বাঁকা সাইফণ এ পরিযায়ী পাখিরা ভিড় জমিয়েছে। শুধু পাখি না বন্য জন্তুও এক্ষণ বর্ধমানের বাঁকা সাইফোন নির্ভয়ে বংশবিস্তার শুরু করেছে।এই বিষয়ে জাতীয় শিক্ষক সুভাষ দত্ত ও অর্ণব দাস পরিযায়ী পাখি ও জীবজন্তুর স্থান পরিবর্তন ও খাদ্যাভ্যাস নিয়ে আন্তর্জাতিক জার্নালে লেখা লিখি করেন। পরিযায়ী পাখি ও জীবজন্তু সঠিক পরিবেশ ,আবহাওয়া ও খাদ্য না পেলে সেই এলাকায় থাকতে পারে না।

কয়েক হাজার তৃণমূল কর্মী নিয়ে ইফতার

আজিজুর রহমান ● গলসি

আপনজন: গলসি ১ নং ব্লক তৃণমূল প্রাক্তন সভাপতি জাকির হোসেনকে এবারের লোকসভা নির্বাচনে প্রচারে শুরুতে দেখা যায়নি। যা নিয়ে দলের অন্দরে বেশ গুঞ্জন শুরু হয়েছেন। বিষয়টি নিয়ে কথা বলতে ছাড়েনি বিজেপি। কারন গলসি ১ নং ব্লকের জনপ্রিয় নেতা জাকিরকে কেউ ভোট প্রচারে ডাকেন বলে খোদ দাবী করেন জাকির। সেইজন্য গোটা ব্লকে তার কমবেশি পাঁচ হাজার সক্রিয় ছেলে বসে আছে বলে জানান জাকির। তবে এবার দলের ডাক পেয়ে তিনি কোমর বেঁধে নামলেন। প্রার্থীকে জেতাতে বলে গলসি ১নং ব্লকের পুরসাতে ইফতার মজলিসের আয়োজন করেন প্রাক্তন ব্লক সভাপতি জাকির হোসেন। যেখানে একটি অঞ্চলের কমবেশি পাঁচ হাজার মানুষ ইফতার করেন।

ইফতার সভা চৌহাটি মাদ্রাসায়

নিজস্ব প্রতিবেদক ● সোনারপুর

আপনজন: দক্ষিণ চৌহাটি মদিনা নগর মাদ্রাসার সোমবার ইফতারের মজলিশের আয়োজন করা হয় । উক্ত মজলিশে উপস্থিত ছিলেন হাজী আব্দুল্লাহ মাস্টার, আবুল বাশার সাহেব প্রাক্তন হেডমাস্টার ফুল দিয়া হাই মাদ্রাসা, সৈয়দ রহমাতুল্লাহ স্বাস্থ্য অধিকারী পশ্চিমবঙ্গ সরকার , মাস্টার লুৎফর রহমান, প্রাক্তন কংগ্রেসের নেতা আবদুর রহমান মোল্লা খাস মল্লিক, আল-আমিন মিশনের খাস মল্লিকের ব্রাঞ্চ সঞ্চালক আবুল কালাম সাহেব, সিরাজ মোল্লা।ইফতারের শেষে ছাত্রছাত্রীদের বস্ত্র ও জুতো বিতরণ করা হয়। পরিচালনায় মদিনা নগর ইসলামিক এডুকেশন ওয়েলফেয়ার ট্রাস্টের সম্পাদক মাওলানা ইমাম হোসেন মাজাহেরী।

বিরোধীদের বাংলা থেকে গুজরাত পাঠাব: কাজল

আমীরুল ইসলাম ● নানুর

আপনজন: বীরভূমে নানুর বিধানসভার কংকালী অঞ্চলে কাপাসটিকুড়ি দুর্গা মন্দির প্রাঙ্গণে একটি নির্বাচনী জনসভায় জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি কাজল শেখ বিরোধী উদ্দেশ্যে বলেন, যে লুটেরা দল দেশকে লুট করেছে তাদের বেশিরভাগ গুজরাতের। দেশ শাসনের নামে শোষণ করেছে দেশকে। তাদের বাংলাতে কোন জায়গা হবে না। বাংলা শান্তিপ্রিয় জায়গা এখানে সর্বধর্ম সমন্বয়ে সকলে একত্রিত হয়ে বসবাস করবে। ওই সব গুজরাত পন্থীদের শুধু ভোটের সময় দেখা যায়। তারা রাতের অন্ধকারে মানুষকে ভুল বুঝিয়ে হিন্দু মুসলিমের দ্বন্দ্ব লাগানোর চেষ্টা করবে। ভুল পথে পরিচালনা করবে তাদের বাংলাতে জায়গা হবে না। তাদেরকে বাংলা ছেড়ে অন্য রাজ্যে যেতে হবে। তাদের বাংলায় স্থান হবে না। তাদেরকে বাংলা থেকে গুজরাতে পাঠিয়ে দেওয়া হবে।

স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের সামনে নার্সিং ছাত্রীদের আন্দোলন

মতিয়ার রহমান ● কলকাতা

আপনজন: ওয়েস্ট বেঙ্গল হেলথ সাইন্স ইউনিভার্সিটি-এর অধীন UCONJMH একটি সরকারি নার্সিং কলেজ। এই কলেজে দীর্ঘদিন ধরে চলে আসছে নানান অভ্যন্তরীণ সমস্যা। কলেজে পর্যাপ্ত পরিকাঠামো নেই। নেই চারটি ব্যাচের উপযুক্ত ক্লাসরুম, শিক্ষিকা ,ল্যাবরেটরি, লাইব্রেরী ও আরো আনুষঙ্গিক ব্যবস্থাপত্র ।এ বিষয়ে ইউনিভার্সিটি'র কাছে অনেকবার আবেদন করেছে কলেজের ছাত্রছাত্রীরা কিন্তু ইউনিভার্সিটি এ বিষয়ে কোনো পদক্ষেপ নেইনি। তার ফলস্বরূপ ২০২২ সাল থেকে কলেজের জাতীয় স্তরের ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলের অনুমোদন নেই ।আর সম্প্রতি নতুন ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলের গাইডলাইন অনুযায়ী তিন বছর যদি কোন নার্সিং কলেজে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলের অনুমোদন না থাকে তাহলে সেই কলেজ রাজ্যস্তরের অনুমোদন হারাবে। এমতাবস্থায় দাঁড়িয়ে কলেজের চারটি বর্ষের ছাত্রীরা নিজেদের ভবিষ্যৎ নিয়ে এক চরম অনিশ্চয়তায় ভুগছে। ধৈর্যের সব বাঁধ ভেঙে সোমবার কলেজের ছাত্রীরা তাদের দাবি নিয়ে হাজির হয় ইউনিভার্সিটিতে। আন্দোলনকারীদের অভিযোগ, যদিও এর আগে তারা দু দু বার ইউনিভার্সিটিতে গিয়ে আবেদন জানিয়েছিলেন। এতে কোন সুষ্ঠু সুরাহা মেলেনি। তাই তাদের দাবিতে অনড় থেকে নার্সিং ছাত্রীরা সংগঠিতভাবে ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ হেলথ সাইন্স অভিযান করে সোমবার বেলা বারোটা নাগাদ। আন্দোলনকারীদের দাবি, তাদের বিক্ষোভের কারণে ও তীব্র আন্দোলনের চাপে ইউনিভার্সিটি বিশিষ্ট আধিকারিকগণ তাদের পরিকাঠামো উন্নয়ন করার ব্যাপারে লিখিত সম্মতি দিয়েছেন এবং যাতে তাদের কলেজ দ্রুত ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলের অনুমোদন লাভ করে। সেই পত্র মাফিক আগামী ১৩ এপ্রিল ২০২৪ ইউনিভার্সিটি কলেজ অফ নার্সিং জে এন এম হসপিটাল কল্যাণীতে ডিরেক্টর অফ হেলথ সার্ভিস ভিজিট করবেন। একে নার্সিং ছাত্রীরা তাদের আন্দোলনের আংশিক জয় বলে মনে করছে এবং সম্পূর্ণ পরিকাঠামো উন্নতি করে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলের অনুমোদন পাওয়া অবধি তারা সর্বশক্তি দিয়ে আন্দোলন চালিয়ে যেতে বদ্ধপরিকার। রাজ্যের সমস্ত নার্সিং ছাত্রছাত্রী শিক্ষক শিক্ষিকা ও নার্সিং পেশার সাথে যুক্ত সকলকে এই আন্দোলনে তাদের পাশে দাঁড়ানোর জন্য আবেদন করেন আন্দোলনকারীরা।

পীরনগরে দাওয়াতে ইফতার

নিজস্ব প্রতিবেদক ● হুগলি

আপনজন: হুগলির পীরনগর দরবার শরিফে অনুষ্ঠিত হলোদাওয়াতে ইফতার এবং দোয়ার মজলিস প্রতিবছরের ন্যায় এ বছরও রমজান নির্ধারিত দিনে, পীরনগর শরীফের পীর আল্লামা আব্দুল আজিজ সাহেবের প্রতিষ্ঠিত ইফতার মজলিস সম্পন্ন হয়। এদিন বহু রোজাদার ধর্মপ্রাণ মানুষের উপস্থিতিতে ইফতার এবং দোয়ার মজলিস অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিরনগর দরবার শরীফের পীরজাদা আব্দুল আজিম সাহেব, আব্দুল হালিম সাহেব, আব্দুল্লাহ সাহেব কালিমুল্লাহ সাহেব, এবং পীরজাদা আবুল কাশেম, কেজিএন মার্বেল কর্ণধার হাজী সিরাজুল ইসলাম সহ বিশিষ্ট জনেরা উপস্থিত সকলে জাতি ধর্ম নির্বিশেষে বার্তা দেন । পীরনগর দরবারের মুখ্য নির্দেশ পীরজাদা আবুল কাসেম ইসরাইল কর্তৃক নিরীহ ফিলিস্তিনের বাসির উপর পাশবিক নির্যাতনের তীব্র নিন্দ করেন এবং ভোট পরবর্তী হিংসা থেকে মানুষকে বিরত থাকতে বলেন।

শেষে বিশ্ব শান্তি কামনায়অনুষ্ঠানের পরিসমাপ্তি হয়।

ছবি: নূর মোহাম্মদ খান

ঈদ ও গাজন নিয়ে প্রশাসনিক সভা শক্তিগড়ে

জে এ সেখ ● শক্তিগড়

আপনজন: বর্ধমান-২ ব্লক ও শক্তিগড় থানার উদ্যোগে সোমবার বিডিও অফিসে এলাকার ইমাম ও পুরোহিতদের নিয়ে আসন্ন ঈদ উল্ ফিতর ও গাজন উৎসব পালন নিয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জানা গেছে , এই ঈদ ও গাজন উৎসব একই সময়ে পড়ে যাওয়ায় পারস্পরিক শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য জোর দেওয়া হয়। এছাড়াও উপস্থিত সকলকে নির্দেশ দেওয়া হয়, নিজ নিজ এলাকার তরুণ ছেলেরা যাতে উৎসবের অতি আনন্দে উৎশৃঙ্খল হয়ে হেলমেট বিহীন অবস্থায় বাইক না চালায়, সে ব্যাপারে সাবধান করবেন। আনন্দের দিন যাতে কোনো দূর্ঘটনা না ঘটে এবং সকলেই উৎসবের আনন্দ নিজেদের মধ্যে ভাগ করে নেন সে বিষয়েও আহ্বান জানানো হয় প্রশাসনের পক্ষ থেকে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বর্ধমান-২ এর বিডিও দিব্যজ্যোতি দাস , জয়েন্ট বিডিও শিল্পা ভকত, ডি এস পি হেড কোয়াটার অতনু ঘোষাল,শক্তিগড় থানার ওসি পুলক মণ্ডল ও এলাকার ইমাম, পুরোহিত সহ মসজিদ ও মন্দির কমিটির সদস্যগণ।

হিন্দু মুসলিমের মাঝে ক্লাবের বস্ত্র বিতরণ

আসিফ রনি ● বহরমপুর

আপনজন: পবিত্র ঈদ উপলক্ষে রাধারঘাটের বাজারপাড়া নজরুল যুব সংঘ ক্লাবের উদ্যোগে বস্ত বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হল। বিভিন্ন ধরনের অসহায় দুস্থ প্রতিবন্ধী অসচ্ছল পরিবারের মুখে এক ঝলক হাসি ফুটানোর লক্ষ্যে তুলে দেওয়া হল বহরমপুরের রাজারঘাট অঞ্চলের বাজারপাড়ার নজরুল যুব সংঘের উদ্যোগে তুলে দেওয়া হল ঈদের পোশাক। জানা যায় প্রতি বছর ঈদ উপলক্ষে নজরুল যুব সংঘ ক্লাবের উদ্যোগে বস্ত্র বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়ে থাকে। এ বছরও তার ব্যতিক্রম নয়। সোমবার আনুষ্ঠানিকভাবে এলাকার ৪০০অধিক নারী-পুরুষ হিন্দু মুসলমান জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকলের মধ্যে বিতরণ করা হয় বস্ত্র। বস্ত্র পেয়ে খুশি সাধারণ মানুষ।

এদিনের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এন বি এস টি সি ডিরেক্টর ও মুর্শিদাবাদ জেলা পরিষদ সদস্য রাজীব হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন আলাউদ্দিন শেখ ছাড়াও ক্লাবের সদস্য পাপ্পু শেখ, রাজিব শেখ, রেজোন সরকার সহ অন্যান্য ব্যক্তিরা।

ভারত-বাংলাদেশ সীমান্তে ভোট প্রচারে মীনাক্ষী

সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

আপনজন: সাধারণ লোকসভা নির্বাচনের পাশাপাশি ভগবানগোলা বিধানসভার উপনির্বাচন আগামী ৭ই মে। মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্রে কংগ্রেস সমর্থিত বাম প্রার্থী মোহাম্মদ সেলিম। মোহাম্মদ সেলিমের হয়ে ভগবানগোলা ২ ব্লকের আখরীগঞ্জ গ্রাম পঞ্চায়েতের ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী নির্মলচর, মহিষমারি সহ পার্শ্ববর্তী গ্রামগুলিতে বাড়ি বাড়ি গিয়ে প্রচার করলেন বাম নেত্রী মীনাক্ষী মুখার্জি। সোমবার তার সঙ্গে প্রচারে উপস্থিত ছিলেন বাম নেতা ধ্রুবজ্যোতি সাহা সহ স্থানীয় বাম-কংগ্রেস নেতৃত্বরা।

এলাকার মূল ভূখণ্ড থেকে পদ্মা পারের বিচ্ছিন্ন এলাকা নির্মলচর, মহিষমারি। সেখানে ঠিকমতো সরকারি পরিষেবা পৌঁছাতে হিমশিম খেতে হয় প্রশাসনিক আধিকারিকদের। পিছিয়ে পড়া সেই এলাকা থেকে গত পঞ্চায়েত নির্বাচনে বাম-কংগ্রেস জোট আখরীগঞ্জ গ্রাম পঞ্চায়েত দখল করে। প্রধান নির্বাচিত হয় বামেদের, উপপ্রধান কংগ্রেসের। সেই এলাকাতে কর্মীদের উজ্জীবিত করতে বাড়ি বাড়ি গিয়ে প্রচারে নামলেন মীনাক্ষী মুখার্জী সহ বাম নেতৃত্বরা।

গয়না সহ টাকা চুরির ঘটনায় চাঞ্চল্য ইটাহারে

মুহাম্মদ জাকারিয়া ● ইটাহার

আপনজন: শোয়ার ঘরে ঢুকে পরিবারের সদস্যদের নেশার সামগ্রী স্প্রে করে ভোর রাতে চুরির ঘটনায় চাঞ্চল্য ইটাহারে। চুরি গেছে ৩ ভরি সোনা ও ১৫ ভরি রূপার অলঙ্কার সহ টাকা। সোমবার ভোর রাতে ঘটনাটি ঘটেছে ইটাহার থানার উত্তরপাড়া এলাকায়। পরিবার সূত্রে জানাযায়, এদিন ভোরে উত্তরপাড়া এলাকার বাসিন্দা মলয় রাজবংশী স্বপরিবারের বাড়িতে ঘুমিয়ে ছিলেন। সকালে ঘরের আলমারির গেট খোলা দেখে বিষয়টি নজরে আসে তাদের। এরপর তারা দেখে ছাদের গেট খোলা এবং ঘরে থাকা সোনা ও রুপার অলঙ্কারের বাক্স ছাদে ছড়িয়ে ছিটিয়ে পরে আছে। ঘটনায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়।

বাড়ি ভেঙে পড়ায় মাথা নিচু হয়েছে, আর যেন না হয়: ফিরহাদ

সুব্রত রায় ● কলকাতা

আপনজন: বেআইনি নির্মাণে জিরো টলারেন্স কলকাতা পুরসভার। কলকাতা পুরসভার কাউন্সিল চেম্বারে জরুরী বৈঠকে পুরসভার বিল্ডিং বিভাগের ইঞ্জিনিয়ারদের এই বার্তা দিলেন মেয়র ফিরহাদ হাকিম।তিনি বলেন ,এনাফ ইজ এনাফ। বেআইনি নির্মাণের দিন শেষ। বেআইনি নির্মাণ করে যারা কলকাতাকে নষ্ট করছে তাদের দিন শেষ।"

কলকাতা পুরসভার বিল্ডিং বিভাগের ইঞ্জিনিয়ারদের নিয়ে বৈঠকে বেআইনি নির্মাণের প্রোমোটারদের উদ্দেশ্যে এই বার্তা দিলেন ফিরহাদ হাকিম।

বিল্ডিং বিভাগের আধিকারিকদের প্রতি গার্ডেনরিচের ঘটনার পর মেয়র বার্তা দিলেন, "নজর রাখুন কোথায় এলবিএসরা রেজিগনেশন দিচ্ছে। সেই বিল্ডিং এর গায়ে বড় করে লিখে দিন -- বিল্ডিং প্ল্যান সাসপেন্ডেড।কলকাতা পুরসভা এগিয়ে চলুক, আমি আছি। মিটিংয়ে বার্তা ফিরহাদের।একটা বাড়ি পড়ে গেছে। মাথা নিচু হয়েছে। আর যেন না হয়। ফিরহাদের মন্তব্য,

" ডোন্ট গো বিফোর এনি প্রেসার। কোনো চাপের কাছে নতি স্বীকার নয়। কোন রাজনৈতিক নেতা, এমপি, কাউন্সিলর কারো চাপের কাছে মাথা নত করবেন না। কেএমসি একটি অনুযায়ী কাজ করবেন।

কেউ কোন চাপ দিলে বলবেন, "মেয়র সাহেবের সাথে কথা বলুন।"এভাবেই ভবিষ্যতে কলকাতা পৌরসভার এলাকায় বেআইনি বাড়ি নির্মাণ রুখতে কড়া নির্দেশ দেন ফিরহাদ হাকিম।

ফ্লাইং স্কাউডের সূচনা হল মালদায়

দেবাশীষ পাল ● মালদা

আপনজন: নির্বাচন কমিশনের নির্দেশানুসারে নির্বাচনী অভিযোগ দ্রুত খতিয়ে দেখতে জেলা প্রশাসনের উদ্যোগে ফ্লাইং স্কাউডের সূচনা।

সোমবার দুপুরে মালদা জেলা প্রশাসনিক ভবনের সামনে থেকে সবুজ পতাকা উড়িয়ে ফ্লাইং স্কাউড গাড়িগুলির আনুষ্ঠানিক সূচনা করা হয়। উপস্থিত ছিলেন জেলাশাসক নীতিন সিংহানিয়া, পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব, অতিরিক্ত জেলাশাসক পীযুষ সালুঙ্খে সহ অন্যান্য আধিকারিকরা।

জেলাশাসক জানিয়েছেন, নির্বাচন কমিশনের নির্দেশে জেলা প্রশাসনের উদ্যোগে নির্বাচনী বিভিন্ন অভিযোগ খতিয়ে দেখতে এদিন ফ্লাইং স্কাউডের আনুষ্ঠানিক সূচনা করা হয়। জেলার বিভিন্ন ব্লকে ১৭ টি গাড়ি ঘুরবে এবং বিভিন্ন অভিযোগ দ্রুততার সঙ্গে খতিয়ে দেখবে।

গড়দেওয়ানিতে গভীর নলকূপ স্থাপন

চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর

আপনজন: রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জলস্বপ্ন প্রকল্পের আওতায় জয়নগর ২ নং ব্লকের গড়দেওয়ানি পঞ্চায়েতের ২৩৮ নং বুথে জেলা পরিষদের শিক্ষা কর্মাধ্যক্ষ হাসনাবানু শেখের উদ্যোগে একটি গভীর নলকূপ বসানোর কাজের সূচনা হল সোমবার। এদিন এই সূচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের কর্মাধ্যক্ষ হাসনাবানু শেখ, গড়দেওয়ানি পঞ্চায়েতের প্রধান প্রতিনিধি হারুন রশিদ মোল্লা, মতিউর রহমান শেখ, হাসান লস্কর সহ আরো অনেকে।এই গভীর নলকূপ বসানোর ফলে এলাকার কয়েক হাজার মানুষ উপকৃত হবেন।

ঈদ উপলক্ষে বস্ত্রদান পদ্মেরহাটে

কুতুব উদ্দিন মোল্লা ● জয়নগর

আপনজন: হাক্কানী আরবি একাডেমি দক্ষিণ ২৪ পরগনার জয়নগর থানার অন্তর্গত পদ্মেরহাটে শনিবার শতাধিক মুসলিম পরিবার, বৃদ্ধ বৃদ্ধাদের হাতে তুলে দিলেন আসন্ন পবিত্র ঈদের নতুন বস্ত্র ও চিনি সিমাই,লাচ্ছা,চিনি সহ সাংসারিক অন্যান্য সামগ্রী। পাশাপাশি শারীরিক প্রতিবন্ধীদের ও অসুস্থ প্রায় ৩৫ জনকে হাতে অর্থ তুলে দেন পবিত্র ঈদের আগে। সমাজসেবী ও হাফেজ আবুল কালাম মন্ডল জানিয়েছেন ঈদের আগে সাধারণ মুসলিম পরিবারের হাতে নতুন বস্ত্র ও অর্থ তুলে দিতে পেরে খুশি। আগামী দিন এমনভাবে অসহায় মানুষের পাশে থেকে কাজ করে যেতে চায় আমি। এছাড়া উপস্থিত ছিলেন মুক্তি আতিকুল রহমান, মাওলানা ইসরাফিল আহাজারি সমাজ সেবি হাফেজ আবুল কালাম সহ অন্যান্যরা।

'ঈদ উপহার' বিলি হুগলিতে

নিজস্ব প্রতিবেদক ● হুগলি

আপনজন: পাশে আছি সামাজিক সংগঠনের উদ্যোগে হুগলী জেলার চেরাগ্রামে হয়ে গেল সারাদিন ব্যাপী ঈদ উপহার বিতরণ কর্মসূচি। দুস্থ অসহায় মানুষদের হাতে তুলে দেওয়া হল নতুন পোশাক, এবং পোশাক পেয়েও তারা খুব খুশি। ঈদের প্রাক মুহূর্তে, অসহায় মানুষদের মুখে হাসি ফোটালো এই সংগঠন। সংগঠনের প্রতিষ্ঠাতা সাহিল মল্লিক জানান, সারা বছর ধরেই বিভিন্ন সেবামূলক কাজে যুক্ত থাকে এই সংগঠন।

ঈসালে সওয়াব



আপনজন: রোববার হুগলি জেলার কোতলুপুরে আব্বাজান হুজুরের ঈসালে সওয়াবে ওয়াজ করেন পীর সৈয়দ আমজাদ হোসাইন বোখারী ও পীরজাদা সৈয়দ হাম্মাদ হোসাইন।

ছড়িয়ে-ছিটিয়ে

রাস্তায় বিষাক্ত পার্থেনিয়াম গাছ

মনিরুজ্জামান ● বারাসত

আপনজন: দেগঙ্গা ব্লকের কলসুর এবং চৌরাশি গ্রাম পঞ্চায়েতের মধ্যে দিয়ে গিয়েছে কলসুর - জীবনপুর রাস্তা।এই রাস্তার দু'পাশে সাদা ফুলের বিষাক্ত পার্থেনিয়াম গাছ হাওয়ার দোলায় দুলে জানান দিচ্ছে তার উপস্থিতি।বিষাক্ত এই গাছ থেকে মানুষের নানারকমের অসুখ হতে পারে, বলছেন বিশেষজ্ঞরা। সোমবার কলসুর গ্রাম পঞ্চায়েত এলাকায় রাস্তার পাশের এই গাছ কাটতে দেখা গেল। কলসুর গ্রাম পঞ্চায়েতের প্রধান মীরাতুন নাহার বলেন, ভিসিডিদের দিয়ে রাস্তার পাশের এই গাছ কেটে পরিস্কার করা হচ্ছে।এই পার্থেনিয়াম গাছ কেটে ফেলার ফলে একদিকে যেমন রাস্তার দু'পাশ পরিস্কার হচ্ছে তেমনই বিষাক্ত এই গাছের প্রভাব থেকে মানুষ দূরে থাকতে পারছে।

মাড়গ্রাম থানায় ইফতার সামগ্রী বিতরণ

সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম

আপনজন: দীর্ঘ প্রায় একমাস যাবৎ শুরু হয়েছে পবিত্র রমজান মাস। সেই একমাস কেয়াম সাধনার পর মুসলিম ধর্মাবলম্বী মানুষের মধ্যে অনুষ্ঠিত হবে আনন্দ উৎসব ঈদ উৎসব। রমজান মাস ব্যাপী বিভিন্ন ব্যক্তি বা প্রতিষ্ঠানের উদ্যোগে আয়োজিত হয়ে থাকে ইফতার পার্টি। বিভিন্ন রাজনৈতিক দল, ব্যবসায়িক প্রতিষ্ঠান ইত্যাদি জায়গা থেকে পৃথক পৃথক ভাবে নিজ নিজ গন্ডির মধ্যে ইফতার পার্টির আয়োজন দেখা যায়। সেরূপ সোমবার মাড়গ্রাম থানার ওসি মহম্মদ মিকাইল মিঞার উদ্যোগে স্থানীয় থানা এলাকার ১১৮ টি মসজিদের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়। থানার পক্ষ থেকে বিভিন্ন পুলিশ আধিকারিকগন মসজিদে গিয়ে গিয়ে পেশ ইমামদের হাতে ইফতার সামগ্রী তুলে দেন। সেই সাথে ঈদের আগাম শুভেচ্ছা বিনিময় করেন।

স্বেচ্ছাসেবী সংস্থার বস্ত্র বিতরণ

আলম সেখ ● লালগোলা

আপনজন: ঈদ উপলক্ষে মানব সেবায় রক্তদান সংস্থার পক্ষ থেকে অসংখ্য গরিব পরিবারের হাতে বিভিন্ন সামগ্রী তুলে দেওয়া হয় লালগোলা থানার অন্তর্গত সীতেশনগর গ্রামে। সংস্থার সভাপতি ফারুক আব্দুল্লাহ জানান, হয়তো কিছু পরিবার সামান্য কিছু খাবারের অভাবে ঈদ টা শান্তি এবং আনন্দের সাথে উপভোগ করতে পারবে না, তাই আমরা তাঁদের কষ্টগুলোকে সামান্য কিছু ভাগ করে নেওয়ার জন্য এবং ঈদের আনন্দ তাঁদের মধ্যে ছড়িয়ে দেওয়ার জন্য জন-সাধারণের সহযোগিতায় তাঁদের কাছে কিছু খাবার পৌঁছে দিই। এছাড়াও আমরা সময়ে সময়ে রক্তদান শিবির সহ বিভিন্ন কর্মসূচি গ্রহন করে থাকি, এমনকি এই পবিত্র রমজান মাসে প্রায় ৫০ টা মুমুর্ষ রুগীর রক্তের ব্যবস্থা করে দিয়েছি। পরিশেষে গ্রামবাসীর উদ্দেশ্যে তিনি বলেন,আপনারা যদি এইভাবেই সবসময় আমাদের পাশে অর্থ এবং শ্রম দিয়ে পাশে থাকেন, তাহলে আমরা সমাজসেবা করতে আরো আগ্রহী হব ইনশাআল্লাহ।

টেনিসের সবচেয়ে ‘বুড়ো’ এক নম্বর এখন জোকোভিচ

আপনজন ডেস্ক: ছেলেদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষ খেলোয়াড় হিসেবে গত সোমবার ৪১৯তম সপ্তাহ শুরু করেছিলেন নোভাক জোকোভিচ। গতকাল সেই সপ্তাহ শেষ হওয়ার পর আজ এটিপি র‍্যাঙ্কিংয়ে সবচেয়ে বয়স্ক খেলোয়াড় হিসেবে শীর্ষে থাকার নতুন রেকর্ডও গড়লেন ৩৬ বছর বয়সী সার্বিয়ান তারকা। এর আগের রেকর্ডটি ছিল ২০ বার গ্র্যান্ড স্লামজয়ী রজার ফেদেরারের দখলে।

২০১৮ সালের ২৪ জুন র‍্যাঙ্কিংয়ে সর্বশেষ শীর্ষে ছিলেন ফেদেরার। তখন তাঁর বয়স ছিল ৩৬ বছর ৩২০ দিন। গতকাল সপ্তাহের শেষ দিনে জোকোভিচের বয়স ছিল ৩৬ বছর ৩২১ দিন। সপ্তাহ শেষ হওয়ার পর আজ ৩৬ বছর ৩২২ দিন বয়সে শীর্ষ স্থান ধরে রেখে রেকর্ডটি গড়লেন ২৪ গ্র্যান্ড স্লামজয়ী জোকোভিচ। ১৯৭৩ সালের ২৩ আগস্ট প্রথমবারের মতো এটিপি র‍্যাঙ্কিং প্রকাশ করা হয়।

জোকোভিচ এবং ফেদেরারের পর এই রেকর্ডে পরবর্তী দুজন–রাফায়েল নাদাল ও আন্দ্রে আগাসী। ৩৩ বছর ২৪৪ দিন বয়সে র‍্যাঙ্কিংয়ে শীর্ষে ছিলেন ২২ গ্র্যান্ড স্লামজয়ী নাদাল। ৮ বার গ্র্যান্ড স্লামজয়ী আগাসি শীর্ষে ছিলেন ৩৩ বছর ১৩১ দিন বয়সে।

মন্টে কার্লো মাস্টার্সে আগামীকাল কোর্টে নামতে যাওয়া জোকোভিচ প্রথমবারের মতো র‍্যাঙ্কিংয়ে শীর্ষে উঠে আসেন ২০১১ সালে, ২৪ বছর বয়সে। টেনিসে ‘বিগ থ্রি’র মধ্যে বাকি দুজন নিজ ক্যারিয়ারে প্রথম র‍্যাঙ্কিংয়ে শীর্ষে উঠেছেন জোকোভিচের আগে। ফেদেরার ও নাদাল–দুজনেই ২২ বছর বয়সে র‍্যাঙ্কিংয়ের শীর্ষে উঠেছেন। সর্বকনিষ্ঠ হিসেবে এটিপি র‍্যাঙ্কিংয়ে শীর্ষে ওঠার রেকর্ড স্পেনের কার্লোস আলকারাজের। ২০২২ সালের সেপ্টেম্বরে ১৯ বছর বয়সে শীর্ষে উঠেছিলেন বর্তমান র‍্যাঙ্কিংয়ে তৃতীয় এই তারকা। ত্রিশের কোঠা (বয়স) ছোঁয়ার পর এখন পর্যন্ত ৮ জন খেলোয়াড় এটিপি র‍্যাঙ্কিংয়ের শীর্ষে উঠতে পেরেছেন–জোকোভিচ (৩৬), ফেদেরার (৩৬), আগাসি (৩৩), নাদাল (৩৩), জন নিউকম্ব (৩০), জিমি কনোর্স (৩০), ইভান লেন্ডল (৩) ও অ্যান্ডি মারে (৩০)।

তবে জোকোভিচ সবচেয়ে বেশি বয়সে র‍্যাঙ্কিংয়ের শীর্ষ স্থান দখলে রাখায় শুধু ছেলেদের রেকর্ডই ভাঙেননি। ডব্লিউটিএ, অর্থাৎ মেয়েদের টেনিসেও এত বেশি বয়সে র‍্যাঙ্কিংয়ে শীর্ষে থাকার নজির নেই। ২০১৭ সালের ১৫ মে ডব্লিউটিএ র‍্যাঙ্কিংয়ে শেষবারের মতো শীর্ষে ছিলেন মেয়েদের টেনিসে কৃষ্ণকলি সেরেনা উইলিয়ামস। তখন তাঁর বয়স ছিল ৩৫ বছর ২৩০ দিন। মেয়েদের টেনিসে এটাই সবচেয়ে বেশি বয়সে শীর্ষে থাকার রেকর্ড।

মেয়েদের টেনিসে এ পর্যন্ত তিনজন খেলোয়াড় বয়স ৩০ ছুঁয়ে শীর্ষস্থানের দেখা পেয়েছেন–সেরেনা উইলিয়ামস (৩৫), ক্রিস এভার্ট (৩০) ও মার্টিনা নাভ্রাতিলোভা।

তিন ম্যাচ হারার পর জয় পেলেন পান্ডিয়া

আপনজন ডেস্ক: কত সমালোচনা, কত ব্যঙ্গ আর বিদ্রূপই না সইতে হয়েছে হার্দিক পান্ডিয়াকে। আইপিএলে মুম্বাই ইন্ডিয়ানসের পরের ম্যাচগুলোতেও হয়তো এমন কিছুর মুখোমুখি হতে হবে মুম্বাইয়ের অধিনায়ককে। এবারের আইপিএলে নিজেদের প্রথম তিন ম্যাচেই হেরে যাওয়ায় এসব নীরবেই সয়ে গেছেন পান্ডিয়া। টানা তিন হারের পর কাল চতুর্থ ম্যাচে এসে জয় পেয়ে অনেক কিছুই বললেন তিনি।

দিল্লি ক্যাপিটালসকে কাল ২৯ রানে হারানোর পর পান্ডিয়া বলেছেন, ‘অনেক পরিশ্রম করেছি। আমরা মানসিক দিক থেকে বিভ্রান্ত হইনি। আমাদের পরিকল্পনা যে সঠিক, সেটা নিশ্চিত করেছি। ইনটেন্টও ঠিক। আজ (গতকাল) এমন একটি দিন ছিল যে সবকিছু ক্লিক করেছে।’

হার্দিক পান্ডিয়ার নেতৃত্বে প্রথম ৩ ম্যাচেই হেরেছে মুম্বাই

হার্দিক পান্ডিয়ার নেতৃত্বে প্রথম ৩ ম্যাচেই হেরেছে মুম্বাইএএফপি

পান্ডিয়া এরপর যোগ করেন, ‘সবাই জানে, আমরা তিনটি ম্যাচ হেরেছি। কিন্তু আমরা সবাই সবাইকে সমর্থন করে গেছি, নিজেদের ওপর বিশ্বাস রেখেছি। এটা ছিল দারুণ বিষয়। আমাদের শুধু একটি জয় প্রয়োজন ছিল এবং এটা মাত্র শুরু।’

দিল্লির বিপক্ষে ম্যাচের আগে এক দিন কোনো অনুশীলন করেননি মুম্বাইয়ের খেলোয়াড়েরা। তাঁরা অংশ নেন ‘টিম বন্ডিং সেশন’-এ। সেই সেশনে ছিল মটরবোটিংও। সন্ধ্যায় খেলোয়াড়েরা ফ্যাশনেবল পোশাক পরে সংগীতসন্ধ্যা উপভোগ করেছেন। কেউ কেউ তো নেচেও উপভোগ করেছেন ওই সময়টা। এরপর হয়েছে কুইজ অনুষ্ঠান, যার মানে একটাই–বাইরের সমালোচনা থেকে নিজেদের দূরে রাখতে চেয়েছে মুম্বাই দল।

চোটের কারণে তিন ম্যাচ মাঠের বাইরে থাকার পর দিল্লির বিপক্ষেই মাঠে ফিরেছেন সুর্যকুমার যাদব। কিন্তু ২ বল খেলে কোনো রান না করেই আউট হয়েছেন তিনি। তবে কাল ভালো করেছে মুম্বাইয়ের উদ্বোধনী জুটি। রোহিত শর্মা ও ঈশান কিষান মিলে পাওয়ারপ্লের ৬ ওভারে তুলেছেন ৭৫ রান। উদ্বোধনী জুটির ভালো করা নিয়ে পান্ডিয়া বলেছেন, ‘এটা দারুণ। ৬ ওভারে ৭৭ বা ৮০ রান পাওয়াটা দুর্দান্ত ব্যাপার।’

মেসিকে ‘শয়তানের প্রতীক’ বলে ক্ষমা চাইলেন মন্তেরেইর আর্জেন্টাইন কোচ

আপনজন ডেস্ক: মেক্সিকান ক্লাব মন্তেরেইর সহকারী কোচ নিকো সানচেজের কথার একটি অডিও ফাঁস হয়েছে। সেই অডিওতে লিওনেল মেসিকে ‘বামন’ বলার পাশাপাশি ‘শয়তানের প্রতীক’ও (ফেস অব দ্য ডেভিল) বলেছেন সানচেজ। সংবাদমাধ্যম ফক্স স্পোর্টস এমএক্স অডিও ফাইলটি ফাঁস করার পর ক্ষমা চেয়েছেন সানচেজ। কনক্যাকাফ চ্যাম্পিয়নস কাপে গত সপ্তাহে কোয়ার্টার ফাইনাল প্রথম লেগে ইন্টার মায়ামিকে ২-১ গোলে হারায় মন্তেরেই। চোটের কারণে ম্যাচটি না খেললেও গ্যালারিতে ছিলেন ইন্টার মায়ামির আর্জেন্টাইন তারকা মেসি। এই ম্যাচের আগে মন্তেরেইর প্রধান কোচ ফার্নান্দো ওরতিজ বলেছিলেন, মেসির তারকাখ্যাতির জন্য মায়ামি খেলায় আলাদা সুবিধা পায় কি না, সেটা নিয়ে তিনি চিন্তিত। ওরতিজ বলেছিলেন, ‘মেসির চারপাশে যা কিছু আবর্তিত হয়, সেসবের কারণে ক্রীড়াসুলভ কিংবা খেলার খেলাধুলাসুলভ নয়, এমন সিদ্ধান্তও হতে পারে।’

গত শনিবার মেজর লিগ সকারে

(এমএলএস) কলোরাডো র‍্যাপিডসের বিপক্ষে মায়ামির ২-২ গোলে জয়ের ম্যাচে মাঠে ফিরে গোলও পান মেসি। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম ‘ইউএসএ টুডে’ গত পরশু জানিয়েছিল, কোয়ার্টার ফাইনাল প্রথম লেগের পর প্রতিপক্ষ দলের ড্রেসিংরুমের বাইরে মিক্সড জোনে মায়ামির কোচ জেরার্দো মার্তিনো, মেসি, জর্দি আলবা ও লুইস সুয়ারেজ ঝামেলায় জড়িয়ে পড়েন।

মন্তেরেইর সঙ্গে সেই ঝামেলার মূল কারণ ছিল, ম্যাচে মায়ামির খেলোয়াড়দের ৬টি হলুদ কার্ড দেখানোর পাশাপাশি একটি লাল কার্ড দেখিয়েছেন রেফারি। এ নিয়ে প্রতিবাদ জানাতে মায়ামির খেলোয়াড়েরা ম্যাচ অফিশিয়ালদের কাছে যাওয়ার সময় ঘটনাটি ঘটে। ম্যাচে মন্তেরেই তিনটি হলুদ কার্ড দেখেছে।

সেই ঝামেলা নিয়ে সানচেজের বলা কথার অডিওই ফাঁস হয়েছে। সানচেজ সেখানে বলেছেন, ‘বামনটার (মেসি) ওপর কী যে ভর করেছিল, সে তো শয়তানের প্রতীক! সে মুষ্টিটা আমার মুখের কাছে এনে বলেছে, তুমি নিজেকে কী মনে করো? অন্য দিকে তাকিয়ে ছিলাম, উত্তর দিইনি। সেটা করলে পরিস্থিতি আরও বাজে হতো।’

মায়ামি কোচ নিয়েও বিতর্কিত মন্তব্য করেছেন সানচেজ ফাঁস হওয়া সেই অডিও ফাইলে, ‘আর টাটা মার্তিনো তো পুতুল। সে আমার সামনে দাঁড়িয়ে বলেছে, বোকা! তুমি এটার ফল ভোগ করবে। তুমি এটার ফল ভোগ করবে। কী একটা পুতুল! ওরা সম্ভব সব ভিডিও মুছে ফেলেছে। কারণ সেটা থাকলে তারা (মাঠে) কতটা খারাপ করেছে সেটি বোঝা যেত।’

আইসিসি’র মাসসেরা কামিন্দু-বুশিয়ে

আপনজন ডেস্ক: প্রথমবারের মতো ‘আইসিসি প্লেয়ার অব দা মান্থ’-এর সংক্ষিপ্ত তালিকায় জায়গা পেয়েই বাজিমাত করলেন কামিন্দু মেন্ডিস। বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজে দারুণ পারফরম্যান্সে মার্চ মাসের সেরা পুরুষ ক্রিকেটার নির্বাচিত হলেন শ্রীলঙ্কার এই অলরাউন্ডার। নারীদের সেরা ইংল্যান্ডের ব্যাটার মায়া বুশিয়ে। মার্চ মাসের পুরুষ ও নারী সেরা ক্রিকেটারের নাম সোমবার নিজেদের ওয়েবসাইটে প্রকাশ করে আইসিসি। মেন্ডিস পেছনে ফেলেন আয়ারল্যান্ডের মার্ক অ্যাডায়ার ও নিউজিল্যান্ডের ম্যাট হেনরিকে। আর অস্ট্রেলিয়ার অ্যাশলি গার্ডনার ও নিউজিল্যান্ডের অ্যামেলিয়া কারকে টপকে পুরস্কারটি জেতেন বুশিয়ে।

শ্রীলঙ্কার তৃতীয় পুরুষ ক্রিকেটার হিসেবে এই স্বীকৃতি পেলেন কামিন্দু মেন্ডিস। আগের দুজন প্রবাথ জয়াসুরিয়া ও ওয়ানিন্দু হাসারাঙ্গা। বাংলাদেশ সফরে গত মাসে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে ৬৮ রান করেন করেন কামিন্দু মেন্ডিস। দ্বিতীয়টিতে দলের সর্বোচ্চ ৩৭ রান আসে তার ব্যাট থেকে। তার সেরাটা দেখা যায় টেস্ট সিরিজে। প্রায় দুই বছর পর এই সংস্করণে সুযোগ পেয়ে সিলেট টেস্টে তিনি যখন ব্যাটিংয়ে নামেন, ৫৭ রানে ৫ উইকেট হারিয়ে ধুঁকছিল শ্রীলঙ্কা। সেখান থেকে ধানাঞ্জয়া ডি সিলভার সঙ্গে ২০২ রানের দুর্দান্ত জুটিতে দলকে উদ্ধার করেন বাঁহাতি এই ব্যাটসম্যান। দুজনের ব্যাট থেকেই আসে ১০২ রান। পরে দ্বিতীয় ইনিংসে দল ১২৬ রানে ৬ উইকেট হারানোর পর আট নম্বরে ব্যাটিংয়ে নামেন মেন্ডিস। এবার তিনি খেলেন ২৩৭ বলে ক্যারিয়ার সেরা ১৬৪ রানের ইনিংস। প্রথম ব্যাটসম্যান হিসেবে কোনো টেস্টে সাত কিংবা এর নিচে নেমে দুই সেঞ্চুরির কীর্তি গড়েন ২৫ বছর বয়সী এই ক্রিকেটার। শ্রীলঙ্কা পায় ৩২৮ রানের বড় জয়। চট্টগ্রামে ৩০শে মার্চ শুরু দ্বিতীয় টেস্টের দ্বিতীয় দিন মেন্ডিসের ব্যাট থেকে আসে ১৬৭ বলে অপরাজিত ৯২ রানের ইনিংস। মেয়েদের সেরা বুশিয়ে গত মাসে নিউজিল্যান্ডের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে পাঁচ ম্যাচে ৫৫.৭৫ গড়ে করেন ২২৩ রান। প্রথম ম্যাচে দলের জয়ে অপরাজিত ৪৩ রানের ইনিংস খেলেন তিনি। তৃতীয় ম্যাচে দল হেরে গেলেও তার ব্যাট থেকে আসে ৪৭ বলে ৭১ রানের ঝড়ো ইনিংস। পরের ম্যাচে ক্যারিয়ার সেরা ৯১ রানের ইনিংস তিনি খেলেন স্রেফ ৫৬ বলে। ইংল্যান্ড সিরিজটি জেতে ৪-১ ব্যবধানে।

তায়কন্দ সমিতির ক্যারাটে প্রশিক্ষণ

আজিম শেখ ● বীরভূম

আপনজন: এই প্রথম বীরভূম জেলার শান্তিনিকেতন তায়কন্দ অ্যাসোসিয়েশন এর উদ্যোগে একটি দিস্ট্রিক লেবেল চম্পিয়নশিপ্ এর আয়োজন করা হল। গত রবিবার ৭ ই এপ্রিল সেই খেলাই মোট ৬০ জন অংশ গ্রহণ করে,এই খেলাই উপস্থিতছিলেন বোলপুরের কোর্ট এর অ্যাডভোকেট এম,ডি মুর্শেদি মহাশয় ও খেলার জার্জ হিসাবে উপস্থিত ছিলেন সৌমেন রক্ষিত , বুবুন বিশ্বাস এবং রেফারি ছিলেন প্রসেনজিৎ চক্রবর্তী, মানস নাগ,সেখ সাবির ইবং সঞ্জিব পাঠক, এই খেলাটি বিভিন্ন ক্যাটাগরিতে হয় যেমন ফাইট, স্পীড কিক, পুমসে,এবং ব্রেকিং, তার মধ্যে অনেকে গোল্ড , সিলভার এবং ব্রোঞ্জ পাই, এই খেলাটি অর্গানাইজ করেন শান্তিনিকেতন তায় কন্ডো অ্যাসোসিয়েশন এর প্রেসিডেন্ট সফিক সেখ ,এবং সেক্রেটারি সেখ আব্দুল কিবরিয়া এই প্রথম খেলাটি পরিচালনা করে খুব খুশী। তাহারা জানান সব বাচ্চারা কম বেশী খুব ভালো রেজাল্ট করে। এখন স্টেট লেবেলের প্রস্তুতি চলছে।

‘জঘন্য’ বার্সেলোনার জন্য ‘ভয়ংকর দুর্গ’র হুমকি পিএসজির সমর্থকদের

আপনজন ডেস্ক: বুধবার চ্যাম্পিয়নস লিগ কোয়ার্টার ফাইনালের প্রথম লেগ খেলতে পিএসজির মাঠে যাচ্ছে বার্সেলোনা। পিএসজির কট্টর সমর্থকগোষ্ঠী বার্সেলোনাকে ‘জঘন্য’ উল্লেখ করে তাদের জন্য পার্ক দ্য প্রিন্সেসে ‘ভয়ংকর দুর্গ’ গড়ে তোলার আহ্বান জানিয়েছে।

বার্সেলোনা রেফারিদের সহায়তা পায় অভিযোগ করে পিএসজি আল্ট্রাস বলেছে, বার্সেলোনা দল ম্যাচের আগে ওয়ার্মআপ করতে মাঠে ঢুকলেই সমর্থকেরা যেন তাদের কাঁপিয়ে দেয়।

সমর্থকগোষ্ঠীর অফিশিয়াল এক্স অ্যাকাউন্ট থেকে দেওয়া বিবৃতিতে এসব কথা বলা হয়েছে।

গত এক দশকের মধ্যে গড়ে ওঠা চ্যাম্পিয়নস লিগের আলোচিত দ্বৈরথের একটি পিএসজি-বার্সেলোনা ম্যাচ। ২০১৭ সালে শেষ ষোলোর দ্বিতীয় লেগে বার্সার ৬-১ গোলের নাটকীয় জয় এবং রেকর্ড দামে নেইমারকে পিএসজিতে নিয়ে যাওয়ার ঘটনায় দুই দলের সমর্থকদের মধ্যে প্রতিদ্বন্দ্বিতার শুরু, যা পরবর্তী সময়ে বিভিন্ন ঘটনায় আরও বেড়েছে।

২০২১ সালের পর চ্যাম্পিয়নস লিগে দুই দলের আবার দেখা হচ্ছে এ সপ্তাহে। কট্টর সমর্থকগোষ্ঠী হিসেবে সমালোচিত পিএসজি আল্ট্রাস ম্যাচটি ঘিরে তিন দিন আগে থেকেই দলীয় সমর্থকদের তাঁতিয়ে তোলায় উদ্যোগী হয়েছে। সমর্থকদের উদ্দেশে দেওয়া বিবৃতির শুরুতেই বলা হয়, ‘বুধবার আমাদের দল বার্সেলোনার মুখোমুখি হবে। আমাদের জন্য ম্যাচটা শুরু হয়ে গেছে শনিবার ক্লেরমঁর বিপক্ষের ম্যাচ শেষ হওয়ার সঙ্গে সঙ্গেই। আমাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে।’

সবাইকে আগেভাগে নির্দিষ্ট সাজে স্টেডিয়ামে আসার আহ্বান জানিয়ে বলা হয়, ‘সবাই লাল ও নীল সাজে আসুন। আমাদের প্রতিপক্ষ যখনই গা গরম করতে মাঠে ঢুকবে, তাদের কাঁপিয়ে দিন। এই দল (পিএসজি), যাদের যোদ্ধা মানসিকতা ও একতার কারণে আমরা পছন্দ করি, তারা যেন পুরো জাতির সমর্থন অনুভব করে।’

বিবৃতির একপর্যায়ে বার্সেলোনার নাম উল্লেখ করতে গিয়ে ‘ইগনোবল’ শব্দ ব্যবহার করে পিএসজি আল্ট্রাস। ফরাসি ‘ইগনোবল’-এর বাংলা অর্থ ‘জঘন্য’, ‘নীচ’ বা ‘ইতর’। ম্যাচের সময় পার্ক দ্য প্রিন্সেসকে বার্সেলোনার জন্য ভয়ংকর দুর্গে পরিণত করার ডাকও দিয়েছে কট্টরপন্থী এই সমর্থকগোষ্ঠী, ‘এই জঘন্য বার্সেলোনা, যারা অনেকবার রেফারির আনুকূল্য পেয়েছে, তাদের শত্রুভাবাপন্ন অঞ্চলের চেয়েও বেশি কিছু অনুভব করাতে হবে। পার্ক দ্য প্রিন্সেসকে ভয়ংকর দুর্গে পরিণত করা আমাদের কর্তব্য। দলও দৃঢ় সংকল্পের মাধ্যমে এটি দুর্ভেদ্য করে তুলবে।’

স্ট্রাইক রেট নিয়ে কোহলির পাশে দাঁড়ালেন বাবর

আপনজন ডেস্ক: এবারের আইপিএলের প্রথম সেঞ্চুরি করেন বিরাট কোহলি। কিন্তু তার এই সেঞ্চুরিকে ম্লান করে দেন জস বাটলার। ইংলিশ ব্যাটারের সেঞ্চুরিতে ভর করে কোহলির রয়েল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুকে ৬ উইকেটে হারায় রাজস্থান রয়্যালস। আইপিএলে এটি সর্বাধিক ৮ম সেঞ্চুরি কোহলির। কিন্তু সেঞ্চুরিটাই তাকে সবচেয়ে বেশি সমালোচনার মুখোমুখি দাঁড় করিয়েছে। ৬৭ বলে সেঞ্চুরি পূর্ণ করে কোহলি। আইপিএলের ইতিহাসে এটি সবচেয়ে মন্থর সেঞ্চুরি। শেষ পর্যন্ত ৭২ বলে ১১৩ রান করেন যে স্ট্রাইক রেটে, তা নিয়েই সবচেয়ে বেশি সমালোচনায় মুখর ক্রিকেটবোদ্ধারা।

বিরাট কোহলির স্ট্রাইক রেট নিয়ে জানতে চাওয়া হয় পাকিস্তানের অধিনায়ক বাবর আজমের কাছে। বাবর নিজেও স্ট্রাইক রেট নিয়ে সব সময় সমালোচনার শিকার। কারণ, উঁচু স্ট্রাইক রেটে তিনিও কখনো ব্যাট করতে পারেননি।

বিরাট কোহলির কম স্ট্রাইক রেটই কি বেঙ্গালুরুর পরাজয়ের কারণ ছিল? এর জবাবে বাবর আজম বিরাট কোহলির পাশেই দাঁড়ালেন। বলেন, স্ট্রাইক রেট কম হওয়া আর পরাজিত হওয়া এক নয়। কারো স্ট্রাইক রেট কম হলেই যে সেই দল জিততে পারবে না তা নয়।

আইপিএলের ইতিহাসে সবচেয়ে স্লো সেঞ্চুরির রেকর্ডটাই করেছেন কোহলি। যদিও এই তালিকায় তিনি একক নন। দ্বিতীয়। বেঙ্গালুরুর হয়ে ইনিংস ওপেন করতে নেমে ১২০ বলের মধ্যে একাই ৭২ বল খেলেছেন কোহলি। নিজে ১১৩ রান করেন। বাকিরা যোগ করেন ৫৯ রান। দলের স্কোর দাঁড়ায় ৩ উইকেট হারিয়ে ১৮৩।

একটি পডকাস্টে বাবর আজম বলেন, ‘মানুষ স্ট্রাইক রেট নিয়েই কথা বলে যাচ্ছে। আমি ভিন্ন এক খেলোয়াড়। আমি সব সময় পরিস্থিতি দেখি এবং সে অনুযায়ী নিজেকে মানিয়ে নিই। ম্যাচ জয় সব সময়ই আমাদের লক্ষ্য থাকে। সেই লক্ষ্যেই ফোকাস করি। ইনিংস গড়ে তুলি। এমন স্ট্রাইক রেটে ব্যাটিং করি, যেন সেটা দিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছাতে পারি।’

বাবর বলেন, ‘স্ট্রাইক রেট ভিন্ন একটি গল্প। এর সঙ্গে জয়-পরাজয়ের কোনো সম্পর্ক নেই। একটি ইনিংস গড়ে তোলা এবং জয়-পরাজয় সম্পূর্ণ আলাদা বিষয়।’

ঘুরে সেই দেশি কোচই নিয়োগ দিচ্ছে পাকিস্তান

আপনজন ডেস্ক: টি-টোয়েন্টি বিশ্বকাপ সামনে রেখে কোচের খোঁজে আছে পাকিস্তান। সেই আলোচনায় শেন ওয়াটসন থেকে জেসন গিলেস্পি হয়ে গ্যারি কারস্টেনের নামও শোনা গেছে। কিন্তু ঘুরে আবার সেই দেশি কোচের দিকে হাত বাড়াচ্ছে পাকিস্তান। নিউজিল্যান্ডের বিপক্ষে পাঁচ ম্যাচ সিরিজের জন্য মোহাম্মদ ইউসুফকে অন্তর্বর্তীকালীন প্রধান কোচের দায়িত্ব দিতে যাচ্ছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। পাকিস্তানের একাধিক সংবাদমাধ্যম এবং পিটিআইয়ের খবর অনুযায়ী, নিউজিল্যান্ড সিরিজে পাকিস্তানের অন্তর্বর্তীকালীন প্রধান কোচের দায়িত্বে থাকবেন পাকিস্তানের সাবেক ক্রিকেটার ইউসুফ। তাঁর সহকারী হিসেবে দায়িত্ব পাচ্ছেন আরেক সাবেক ক্রিকেটার আবদুল রাজ্জাক। দুজনই বর্তমানে পাকিস্তানের নির্বাচক কমিটির সদস্য। ইউসুফ অবশ্য পাকিস্তান অনূর্ধ্ব-১৯ দলের প্রধান কোচের দায়িত্বেও আছেন।

সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপের পর থেকেই পাকিস্তানের প্রধান কোচের পদ খালি রয়েছে। বিদেশি কোচ হিসেবে অনেকের নাম আলোচনায় এলেও শেষ পর্যন্ত কাউকেই চূড়ান্ত করতে পারেনি পিসিবি। বাধ্য হয়ে দেশিদের দিয়েই আপাতত কাজ চালাতে হচ্ছে। সর্বশেষ অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড সফরে এই দায়িত্ব পালন করেছিলেন টিম ডিরেক্টর মোহাম্মদ হাফিজ। যদিও মহসিন নাকভি পিসিবির চেয়ারম্যান হওয়ার পর হাফিজকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। তখন পেস বোলিং কোচের দায়িত্বে ছিলেন উমর গুল এবং স্পিন বোলিং কোচ হিসেবে কাজ করেন সাঈদ আজমল। ঘরের মাঠের নিউজিল্যান্ড সিরিজেও দুজনকে রেখে দেওয়া হতে পারে।



মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**